

বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা
www.bfiu.org.bd

বিএফআইইউ সাকুলার নং- ৩৪

তারিখ: ০৩ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ
১৯ অক্টোবর ২০২৬ খ্রিস্টাব্দ

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল বীমা প্রতিষ্ঠান

**মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধে বীমা
প্রতিষ্ঠানসমূহের জন্য অনুসরণীয় নির্দেশনা জারীকরণ প্রসঙ্গে।**

মানিলভারিং প্রতিরোধ আইন, ২০১২ ও সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এবং আইন দুটির আওতায় জারিকৃত বিধিমালার সংশ্লিষ্ট বিধানাবলি পরিপালনে বাংলাদেশে কার্যরত সকল বীমা প্রতিষ্ঠানের জন্য অনুসরণীয় নিম্নবর্ণিত নির্দেশনাসমূহ মানিলভারিং প্রতিরোধ আইন, ২০১২ এর ২৩(১)(ঘ) এবং সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর ১৫(১)(ঘ) ধারায় প্রদত্ত ক্ষমতা বলে জারি করা হলো :

১। পরিপালন কাঠামো :

১.১ মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ নীতিমালা :

মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধে আন্তর্জাতিক মানদণ্ড, দেশে বিদ্যমান আইন, বিধিমালা ও বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (বিএফআইইউ)-এর নির্দেশনাবলির আলোকে প্রতিটি বীমা প্রতিষ্ঠানের নিজস্ব নীতিমালা থাকবে; যা তাদের পরিচালনা পর্ষদ বা প্রযোজ্য ক্ষেত্রে প্রতিষ্ঠানের সর্বোচ্চ নীতি নির্ধারণী/ব্যবস্থাপনা কমিটি অনুমোদন করবে। বীমা প্রতিষ্ঠান উক্ত নীতিমালা সংশ্লিষ্ট সকলের অবগতিতে আনবে এবং বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে। বীমা প্রতিষ্ঠান ঝুঁকি/বাস্তবতার নিরিখে সময়ে সময়ে নীতিমালাটি পর্যালোচনা করবে, প্রযোজ্য ক্ষেত্রে সংশোধন/পরিমার্জন করবে এবং সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে হালনাগাদ নীতিমালা সম্পর্কে অবহিত করবে।

১.২ মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধে ব্যবস্থাপনা কর্তৃপক্ষের অঙ্গীকার ঘোষণা :

- (১) প্রতিটি বীমা প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদ, সর্বোচ্চ নির্বাহী ও অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাগণ মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধে উপর্যুক্ত আইন, বিধিমালা ও আলোচ্য সাকুলারে বর্ণিত তাদের নিজ নিজ দায়িত্ব ও কর্তব্যের আলোকে প্রাতিষ্ঠানিক পরিপালন ব্যবস্থা নিশ্চিত করবেন।
- (২) বীমা প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী বার্ষিক ভিত্তিতে প্রতিষ্ঠানের সকল কর্মকর্তা/কর্মচারী/এজেন্ট এর উদ্দেশ্যে মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধে সুস্পষ্ট ও কার্যকর অঙ্গীকার ঘোষণা করবেন। উক্ত অঙ্গীকার বাস্তবায়নে যথাযথ নির্দেশনা প্রদানসহ প্রযোজ্য ক্ষেত্রে, পরিপালনীয় বিষয়াদির সার্বিক অবস্থা পর্যবেক্ষণ করবেন।

১.৩ কেন্দ্রীয় পরিপালন ইউনিট (Central Compliance Unit):

- (১) বীমা খাতকে মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন ঝুঁকি হতে মুক্ত রাখার জন্য এতদসংক্রান্ত বিদ্যমান আইন, বিধিমালা ও বিএফআইইউ কর্তৃক সময় সময় জারিকৃত সাকুলার ও গাইডলাইন্স-এ বর্ণিত নির্দেশনাবলি যথাযথভাবে পরিপালনার্থে-
 - (ক) প্রতিটি বীমা প্রতিষ্ঠান একজন উর্ধ্বতন কর্মকর্তার নেতৃত্বে প্রধান কার্যালয়ে একটি ‘কেন্দ্রীয় পরিপালন ইউনিট’ (Central Compliance Unit) প্রতিষ্ঠা করবে যা সরাসরি প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক বা প্রধান নির্বাহী কর্মকর্তার তত্ত্বাবধানে থাকবে। উল্লিখিত ‘উর্ধ্বতন কর্মকর্তা’ প্রধান মানিলভারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (Chief Anti-Money Laundering Compliance Officer-CAMLCO) নামে অভিহিত হবেন। এক্ষেত্রে প্রধান মানিলভারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তার পদবি বীমা প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক বা প্রধান নির্বাহী কর্মকর্তার পরবর্তী ০২ (দুই) ধাপের নিচে হবে না। তবে বিদেশি বীমা প্রতিষ্ঠানের ক্ষেত্রে স্থানীয়

কার্যালয়ের সর্বোচ্চ নীতি নির্ধারণী বা ব্যবস্থাপনা কমিটির (Management Committee) একজন সদস্য CAMLCO হিসেবে মনোনীত হবেন। প্রধান মানিলভারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা পরিবর্তন হলে অবিলম্বে বিএফআইইউ এর ওয়েবসাইটে Compliance Officer Portal এর মাধ্যমে এ সংক্রান্ত তথ্যাদি হালনাগাদ করতে হবে। প্রধান মানিলভারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তাকে প্রতিষ্ঠানের অন্য কোনো দায়িত্ব অর্পণের পূর্বে ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে নিশ্চিত হতে হবে যে এর ফলে প্রতিষ্ঠানটির মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ বিষয়ক কার্যক্রম বিঘ্নিত হবে না। প্রতিটি বীমা প্রতিষ্ঠান নিজ প্রতিষ্ঠানের আকার, ব্যবসায়ের ব্যাপ্তি, কার্যক্রম, গ্রাহকের সংখ্যা ইত্যাদি বিবেচনাপূর্বক কেন্দ্রীয় পরিপালন ইউনিট-এ উপযুক্ত সংখ্যক কর্মকর্তা-কর্মচারী নিয়োগ করবে। উক্ত ইউনিটের অবলিখনের অভিজ্ঞতা সম্পন্ন কমপক্ষে একজন সদস্য থাকতে হবে।

- (খ) কেন্দ্রীয় পরিপালন ইউনিট মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন সংক্রান্ত ঝুঁকি প্রতিরোধে বীমা প্রতিষ্ঠানের নিজস্ব নীতিমালার আওতায় প্রাতিষ্ঠানিক কৌশল ও কর্মসূচি নির্ধারণ করবে ও তার বাস্তবায়ন নিশ্চিত করবে।
- (গ) প্রধান মানিলভারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা ও কেন্দ্রীয় পরিপালন ইউনিটের সদস্যদের অবলিখনের অভিজ্ঞতা, মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ বিষয়ে বিদ্যমান আইন, বিধিমালা, বিএফআইইউ কর্তৃক সময় সময় জারিকৃত নির্দেশনাবলি ও এতদ্বিষয়ে আন্তর্জাতিক মানদণ্ড সম্পর্কে সম্যক ধারণা ও প্রশিক্ষণ থাকতে হবে।
- (ঘ) প্রধান মানিলভারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা ও কেন্দ্রীয় পরিপালন ইউনিটের সদস্যদের দায়িত্ব ও কর্তব্য সংশ্লিষ্ট কর্মকর্তার মনোনয়নপত্রে সুনির্দিষ্টভাবে উল্লেখ থাকতে হবে।
- (২) কেন্দ্রীয় পরিপালন ইউনিট মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ বিষয়ে বীমা প্রতিষ্ঠানের গৃহীত পদক্ষেপ, এ বিষয়ে বাস্তবায়ন অগ্রগতি ও সুপারিশ সম্বলিত প্রতিবেদন বার্ষিক ভিত্তিতে (জানুয়ারি-ডিসেম্বর) প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা, প্রযোজ্য ক্ষেত্রে পরিচালনা পর্ষদের অবগতি ও নির্দেশনার জন্য দাখিল করবে। উক্ত প্রতিবেদনে আলোচ্য সার্কুলারের ৭.৩ (১) এ বর্ণিত বিষয়সমূহসহ মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ বিষয়ে বিএফআইইউ কর্তৃক কোনো ব্যবস্থা গৃহীত হয়ে থাকলে তা অন্তর্ভুক্ত করতে হবে। প্রধান নির্বাহী কর্মকর্তার নির্দেশনা ও মতামতসহ প্রতিবেদনটি প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদ বা সর্বোচ্চ ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন করতে হবে এবং প্রতিবেদনটির একটি কপি বার্ষিক ভিত্তিতে ফেব্রুয়ারি মাসের মধ্যে বিএফআইইউ বরাবর প্রেরণ করতে হবে।
- (৩) কেন্দ্রীয় পরিপালন ইউনিট বীমা প্রতিষ্ঠানের শাখা, এজেন্সি, ইউনিট, অবলিখন, দাবী পরিশোধ এজেন্ট বা কমিশন এজেন্ট এর জন্য অনুসরণীয় নির্দেশনাবলি জারি করবে; যাতে মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধে গ্রাহক পরিচিতি গ্রহণ, লেনদেন পরীক্ষণ, অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ এবং এতদসংক্রান্ত অন্যান্য পরিপালনীয় নীতি ও পদ্ধতিসমূহ অন্তর্ভুক্ত থাকবে।

১.৪ শাখা, এজেন্ট বা ইউনিট মানিলভারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা :

- (১) মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধে বিদ্যমান আইন, বিধিমালা, বিএফআইইউ এর নির্দেশনাবলি এবং বীমা প্রতিষ্ঠানের নিজস্ব নীতিমালা বাস্তবায়নের জন্য প্রতিষ্ঠানের প্রতিটি শাখা বা ইউনিট-এ একজন উর্ধ্বতন ও ন্যূনতম ৩ বছরের অভিজ্ঞতা সম্পন্ন কর্মকর্তাকে শাখা বা ইউনিট মানিলভারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (Branch or Unit Anti-Money Laundering Compliance Officer (BAMLCO or UAMLCO) মনোনীত করবে। বীমা প্রতিষ্ঠানের এজেন্টের ক্ষেত্রে একজন উর্ধ্বতন কর্মকর্তাকে Agent Anti-Money Laundering Compliance Officer (AAMLCO) মনোনীত করতে হবে। বীমা প্রতিষ্ঠানের শাখা, ইউনিট বা এজেন্ট এর মানিলভারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তার মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ বিষয়ে বিদ্যমান আইন, বিধিমালা, বিএফআইইউ এর সকল নির্দেশনা এবং প্রতিষ্ঠানের নিজস্ব নীতিমালার বিষয়ে সম্যক ধারণা থাকতে হবে। শাখা, এজেন্ট বা ইউনিট মানিলভারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তার মনোনয়নপত্রে তার কর্মপরিধি এবং দায়-দায়িত্ব সুনির্দিষ্টভাবে উল্লেখ থাকতে হবে।
- (২) শাখা, এজেন্সি বা ইউনিট মানিলভারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা অন্যান্য সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিয়ে ষাণ্মাসিক ভিত্তিতে মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ বিষয়ক সভা করবেন এবং উক্ত সভায় নিম্নোক্ত বিষয়সমূহসহ মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধে বিদ্যমান আইন, বিধিমালা এবং বিএফআইইউ এর অন্যান্য নির্দেশনার পরিপালন পর্যালোচনাপূর্বক যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন :

মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধে বিদ্যমান আইন, বিধিমালা এবং বিএফআইইউ এর অন্যান্য নির্দেশনার পরিপালন পর্যালোচনাপূর্বক যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন :

- গ্রাহক পরিচিতি;
- পলিসি সংক্রান্ত লেনদেন পরিবীক্ষণ (Transaction Monitoring);
- সন্দেহজনক লেনদেন বা কার্যক্রম চিহ্নিতকরণ ও রিপোর্টিং;
- বাংলাদেশে নিষিদ্ধ ঘোষিত সংগঠনের তালিকাসহ জাতিসংঘের নিরাপত্তা পরিষদের রেজুলেশনসমূহের বাস্তবায়ন;
- অবলিখন কার্যক্রম;
- স্বনির্ধারণী (Self Assessment) সংক্রান্ত কার্যক্রম;
- নথি সংরক্ষণ;
- প্রশিক্ষণ ইত্যাদি। মানিলভারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা যান্মাসিক সভার কার্যবিবরণী প্রতি যান্মাসিক সমাপ্তির পরবর্তী মাসের মধ্যে কেন্দ্রীয় পরিপালন ইউনিট বরাবর প্রেরণ করবেন।

২। গ্রাহক নির্বাচন নীতিমালা :

গ্রাহক নির্বাচনের ক্ষেত্রে প্রতিটি বীমা প্রতিষ্ঠানের সুনির্দিষ্ট নীতিমালা থাকতে হবে; যা উক্ত প্রতিষ্ঠানের মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ সংক্রান্ত মূল নীতিমালার অংশ হতে পারে। উক্ত নীতিমালায় অন্যান্য প্রাসঙ্গিক বিষয়ের সাথে আবশ্যিকভাবে নিম্নোক্ত বিষয়সমূহ অন্তর্ভুক্ত থাকবে :

- (১) বেনামে, ছদ্মনামে কোনো গ্রাহকের পলিসি খোলা বা পরিচালনা করা যাবে না;
- (২) জাতিসংঘের নিরাপত্তা পরিষদের বিভিন্ন রেজুলেশনের^১ আওতায় সন্ত্রাস ও সন্ত্রাসী কার্যে অর্থায়নে জড়িত সন্দেহে তালিকাভুক্ত ব্যক্তি বা সত্তা বা সম্পত্তির এবং বাংলাদেশ সরকার কর্তৃক তালিকাভুক্ত^২ ব্যক্তি বা নিষিদ্ধ ঘোষিত সত্তার কোনো পলিসি খোলা বা পরিচালনা করা যাবে না।

৩। গ্রাহক, গ্রাহক পরিচিতি, গ্রাহক সম্পর্কিত সতর্কতামূলক ব্যবস্থা ও অন্যান্য :

৩.১ গ্রাহকের সংজ্ঞা :

মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন ঝুঁকি ব্যবস্থাপনায় গ্রাহক পরিচিতি ও যাচাই প্রক্রিয়ার ক্ষেত্রে বীমা প্রতিষ্ঠানের গ্রাহক বলতে নিম্নোক্ত ব্যক্তি বা সত্তাকে বুঝাবে :

- (১) বীমা প্রতিষ্ঠানের সাথে কোনোরূপ পলিসি সংরক্ষণ করে বা বীমা প্রতিষ্ঠানের সাথে কোনোরূপ পলিসি সম্পর্কিত সম্পর্ক রয়েছে এমন যে কোনো ব্যক্তি বা সত্তা;
- (২) পলিসি এর প্রকৃত সুবিধাভোগী (Beneficial Owner)^৩ বা তৃতীয় কোনো ব্যক্তি বা সত্তা যার পক্ষে পলিসি পরিচালিত হয়;
- (৩) বিদ্যমান আইনী কাঠামোর আওতায় কোনো পলিসি গ্রহণকারী, ট্রাস্ট বা লেনদেনের প্রকৃত সুবিধাভোগীর পলিসি পরিচালনার জন্য নিযুক্ত কোনো পেশাদার মধ্যস্থতাকারী (এজেন্ট, ব্রোকার, আইনজীবী, আইন পরামর্শক প্রতিষ্ঠান, চার্টার্ড এ্যাকাউন্টেন্ট ইত্যাদি); এবং
- (৪) বিএফআইইউ কর্তৃক সময় সময় সংজ্ঞায়িত ব্যক্তি বা সত্তা।

^১ জাতিসংঘের নিরাপত্তা পরিষদের বিভিন্ন রেজুলেশনের আওতায় তালিকাভুক্ত ব্যক্তি বা সত্তা বলতে সন্ত্রাস বিরোধী বিধিমালা, ২০১৩ এর ২ (ছ) নং বিধিতে সংজ্ঞায়িত রেজুলেশনের আওতায় তালিকাভুক্ত ব্যক্তি বা সত্তাকে বুঝাবে। এই তালিকাসমূহ <https://www.un.org/securitycouncil/sanctions/information> অথবা https://www.bb.org.bd/bfiu/sanction_list.php ওয়েবলিংক হতে সংগ্রহ করা যাবে।

^২ বাংলাদেশ সরকার কর্তৃক তালিকাভুক্ত কোনো ব্যক্তি বা নিষিদ্ধ ঘোষিত সত্তা বলতে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর ১৮ নম্বর ধারায় প্রদত্ত ক্ষমতা বলে বাংলাদেশ সরকার কর্তৃক সময় সময় সরকারি গেজেট প্রজ্ঞাপন দ্বারা তফসিলভুক্ত কোনো ব্যক্তি বা সত্তাকে বুঝাবে।

^৩ Beneficial owner refers to the natural person(s) who ultimately owns or controls a customer and/or the natural person on whose behalf a transaction is being conducted. It also includes those persons who exercise ultimate effective control over a legal person or arrangement. Reference to "ultimately owns or controls" and "ultimate effective control" refer to situations in which ownership/control is exercised through a chain of ownership or by means of control other than direct control.

Note: It is required to conduct CDD of settlor, trustee, protector or any person with similar status or any beneficiary or class of beneficiaries who have hold effective control on trust, in case of identification of beneficial ownership of a legal arrangement.

৩.২ গ্রাহক পরিচিতি (Know Your Customer-KYC) :

মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন ঝুঁকি ব্যবস্থাপনায় পলিসি গ্রহণকারীর পরিচিতি গ্রহণ ও যাচাই প্রক্রিয়ার ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়াবলির পরিপালন নিশ্চিত করতে হবে :

- (১) গ্রাহকের পরিচিতির পূর্ণাঙ্গ^৪ ও সঠিক^৫ তথ্য সংগ্রহ করতে হবে। বীমা খাত যাতে মানিলভারিং বা সন্ত্রাসী কার্যে অর্থায়ন ঝুঁকির সম্মুখীন না হয় তা নিশ্চিত করার জন্য প্রতিটি বীমা প্রতিষ্ঠানকে গ্রাহক কর্তৃক পলিসি খোলার উদ্দেশ্য সম্পর্কে সম্যক ধারণা এবং Uniform KYC Profile Form (পরিশিষ্ট-ক) এ নির্দেশিত পরিচিতিমূলক তথ্য বা উপাত্ত সংগ্রহ ও উহার সঠিকতা যাচাই করতে হবে।
- (২) গ্রাহকের পরিচিতির পূর্ণাঙ্গ ও সঠিক তথ্য গ্রহণ বা সংরক্ষণের ক্ষেত্রে সুবিধাজনক বিবেচনায় বিএফআইইউ এর ৩০ মার্চ, ২০২৬ তারিখের সাকুলার নং- ২৯ এর মাধ্যমে জারিকৃত Guidelines on Electronic Know Your Customer (e-KYC) এ বর্ণিত আধুনিক প্রযুক্তির ব্যবহার বা সহায়তা গ্রহণ করতে হবে। যে ক্ষেত্রে ইলেকট্রনিক মাধ্যম ব্যবহার করে পলিসি খোলা সম্ভব হবে না সে ক্ষেত্রে প্রচলিত পদ্ধতিতে পলিসি খোলার ফরম ব্যবহার করা যাবে।

৩.৩ গ্রাহক সম্পর্কিত সতর্কতামূলক ব্যবস্থা (Customer Due Diligence-CDD) :

গ্রাহক সম্পর্কিত সতর্কতামূলক ব্যবস্থা বা CDD বলতে নির্ভরযোগ্য ও স্বাধীন উৎস হতে প্রাপ্ত সঠিক তথ্য, উপাত্ত ও দলিলাদির ভিত্তিতে গ্রাহকের পরিচিতি নিশ্চিতকরণ এবং অর্থের উৎস যাচাইকরণসহ পলিসির পরিচিতিমূলক তথ্য বা উপাত্ত ও লেনদেন নিয়মিতভাবে পরীক্ষণ করাকে বুঝাবে।

- (১) সংশ্লিষ্ট গ্রাহকের ঝুঁকি বিবেচনায় নিম্নবর্ণিত বিভিন্ন পর্যায়ে CDD সম্পাদন করতে হবে-
 - (ক) গ্রাহকের সাথে সম্পর্ক স্থাপনের সময়;
 - (খ) পলিসি নবায়নের পূর্বে;
 - (গ) বিদ্যমান গ্রাহকের সাথে আর্থিক লেনদেন সংঘটনের সময়;
 - (ঘ) যখন সন্দেহ করার যথেষ্ট কারণ থাকবে যে ইতোপূর্বে বীমা গ্রাহকের পরিচিতির সপক্ষে যে তথ্য বা দলিলাদি সংগ্রহ করা হয়েছে তা পর্যাপ্ত নয় বা সঠিক নয়; এবং
 - (ঙ) কোনো লেনদেন মানিলভারিং বা সন্ত্রাসী কার্যে অর্থায়নের সাথে জড়িত মর্মে সন্দেহ হলে।
- (২) তবে কোনো লেনদেন মানিলভারিং বা সন্ত্রাসী কার্যে অর্থায়নের সাথে জড়িত মর্মে সন্দেহে CDD সম্পাদনের ক্ষেত্রে তথ্যের গোপনীয়তা ফাঁস (Tipping-Off) হবার সম্ভাবনা থাকলে CDD সম্পাদন না করেই পরিশিষ্ট-খ অনুযায়ী সন্দেহজনক লেনদেন বা কার্যক্রম রিপোর্ট করতে হবে।
- (৩) বীমা গ্রাহকের পরিচিতি ও বীমা প্রতিষ্ঠানের সাথে সম্পর্ক স্থাপনের অন্তর্নিহিত উদ্দেশ্য সম্পর্কে নিশ্চিত হওয়ার জন্য প্রতিটি বীমা প্রতিষ্ঠান তাদের সন্তুষ্টি^৬ সাপেক্ষে পর্যাপ্ত (পূর্ণাঙ্গ ও সঠিক) তথ্য সংগ্রহ করবে।
- (৪) যদি গ্রাহকের পক্ষে অন্য কোনো ব্যক্তি পলিসি পরিচালনা করে বা ব্যবসায়িক সম্পর্ক স্থাপন করে সেক্ষেত্রে উক্ত ব্যক্তি যথাযথভাবে ক্ষমতাপ্রাপ্ত কিনা তা নিশ্চিত হয়ে তার পরিচিতির পূর্ণাঙ্গ ও সঠিক তথ্য সংগ্রহ করতে হবে।
- (৫) ব্রোকার, ট্রাস্টি ও পেশাদার মধ্যস্থতাকারী কর্তৃক গ্রাহকের পক্ষে পরিচালিত পলিসির ক্ষেত্রে বা ব্যবসায়িক সম্পর্ক স্থাপনের ক্ষেত্রে তাদের আইনগত অবস্থান পর্যালোচনা ও যথার্থতা নিরূপণপূর্বক সংশ্লিষ্ট সকলের পরিচিতির সঠিক ও পূর্ণাঙ্গ তথ্য সংগ্রহ করতে হবে।
- (৬) পুনঃবীমার ক্ষেত্রে, মূল বীমাকৃত ব্যক্তি (যেখানে জানা সম্ভব) এবং দাবীদারদের যাচাই করতে হবে, যাতে কোনো নিষেধাজ্ঞার আওতায় থাকা ব্যক্তি বা সত্তার তহবিল পুনঃবীমা প্রিমিয়ামের মাধ্যমে বীমা ব্যবস্থায় প্রবেশ করতে না পারে।
- (৭) যেসব দেশ মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধের আন্তর্জাতিক মান পূরণ করেনি বা তাৎপর্যপূর্ণ ঘাটতি রয়েছে (যেমন: ফাইন্যান্সিয়াল অ্যাকশন টাস্কফোর্সের Jurisdictions under Increased Monitoring এবং

^৪ “পূর্ণাঙ্গ (complete)” বলতে পলিসির আবেদনকারী গ্রাহকের পরিচিতি যাচাইকল্পে প্রয়োজনীয় সকল তথ্যের সন্নিবেশকে বুঝাবে। উদাহরণস্বরূপ নাম, পেশা, জন্ম তারিখ ও বিস্তারিত ঠিকানা, এবং জাতীয় পরিচয়পত্র, জন্ম নিবন্ধন সনদ, পাসপোর্ট বা গ্রহণযোগ্য পরিচিতিমূলক ছবিযুক্ত আইডি কার্ড, ফোন/মোবাইল নম্বর ইত্যাদিসহ অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি।

^৫ “সঠিক (Accurate)” বলতে পূর্ণাঙ্গ এরূপ তথ্যকে বুঝাবে যার সঠিকতা যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে যাচাই করা হয়েছে।

^৬ “বীমা প্রতিষ্ঠানের সন্তুষ্টি সাপেক্ষে” বলতে বিদ্যমান নির্দেশনার আলোকে গ্রাহকের ঝুঁকি বিবেচনায় নিয়ে প্রয়োজনীয় তথ্য, উপাত্ত ও দলিলাদি সংগ্রহপূর্বক CDD সম্পন্ন করা হয়েছে মর্মে যথাযথ কর্তৃপক্ষকে সন্তুষ্ট করাকে বুঝাবে।

High-Risk Jurisdictions subject to a Call for Action হিসেবে তালিকাভুক্ত দেশ) সেসব দেশের কোনো ব্যক্তি বা সত্তার (আইনগত প্রতিনিধি, বীমা প্রতিষ্ঠানসহ যে কোনো প্রতিষ্ঠান) সাথে ব্যবসায়িক সম্পর্ক স্থাপন ও বজায় রাখা এবং লেনদেন সম্পাদনের ক্ষেত্রে অধিকতর সতর্কতামূলক Enhanced Due Diligence (৩.৫ নং অনুচ্ছেদ) পদক্ষেপ বা ব্যবস্থা গ্রহণ করতে হবে।

- (৮) বৈদেশিক বাণিজ্য সংক্রান্ত বীমার ক্ষেত্রে আমদানি-রপ্তানি চুক্তি/এলসি নম্বর, তারিখ, মূল্যমান, আমদানিকারক/রপ্তানিকারক দেশের নাম ও পণ্যের বিবরণীর সঠিকতা এবং শিপিং ডকুমেন্টসহ অন্যান্য দলিলাদি ব্যাংকের রেকর্ডের সাথে যাচাই করতে হবে।
- (৯) পলিসির প্রকৃত সুবিধাভোগী (Beneficial Owner) সনাক্তকরণপূর্বক প্রতিষ্ঠানের সন্তুষ্টি সাপেক্ষে নির্ভরযোগ্য সূত্র হতে সংগৃহীত তথ্যের ভিত্তিতে নিম্নোক্ত ক্ষেত্রে পরিচিতি নিশ্চিত করতে হবে :
- (ক) যদি কোনো পলিসির অর্থের উৎস পলিসি গ্রহণকারী ব্যতীত অন্য কোনো ব্যক্তি হয় সে ক্ষেত্রে পলিসির অর্থ যোগানদাতার পরিচিতির সঠিক ও পূর্ণাঙ্গ তথ্য সংগ্রহ ও সংরক্ষণ করতে হবে; এবং
- (খ) অব্যক্তিক সম্পত্তির বীমা পলিসির ক্ষেত্রে বীমা গ্রহীতা প্রতিষ্ঠানের নিয়ন্ত্রণকারী শেয়ার হোল্ডার অথবা ২০% বা তদূর্ধ্ব একক শেয়ারহোল্ডারকে পলিসির প্রকৃত সুবিধাভোগী বিবেচনায় তার/তাদের পরিচিতির সঠিক ও পূর্ণাঙ্গ তথ্য সংগ্রহ ও সংরক্ষণ করতে হবে।
- (১০) সকল ধরনের বীমা পলিসির ক্ষেত্রে প্রকৃত সুবিধাভোগী চিহ্নিত হওয়া মাত্রই বীমা প্রতিষ্ঠানসমূহ CDD করার ক্ষেত্রে নিম্নোক্ত পদক্ষেপ গ্রহণ করবে :
- (ক) প্রকৃত সুবিধাভোগী যদি ব্যক্তি, সত্তা বা আইনি ব্যবস্থা হয়ে থাকে তাহলে সংশ্লিষ্ট ব্যক্তি, সত্তা বা আইনি ব্যবস্থার নাম এবং ঠিকানা সংগ্রহ করবে;
- (খ) প্রকৃত সুবিধাভোগী যদি অন্য কোনো বৈশিষ্ট্য, শ্রেণি বা মাধ্যমে সংজ্ঞায়িত হয়ে থাকে তবে বীমা প্রতিষ্ঠান সংশ্লিষ্ট প্রকৃত সুবিধাভোগীর পর্যাপ্ত তথ্য এমনভাবে সংগ্রহ করবে যেন বীমা দাবি বা পলিসির অর্থ ফেরত প্রদানের সময় প্রকৃত সুবিধাভোগীকে চিহ্নিত করা যায়; এবং
- (গ) ক এবং খ উভয় ক্ষেত্রেই বীমা দাবি বা পলিসির অর্থ ফেরত প্রদানের সময় প্রকৃত সুবিধাভোগীর পরিচয় যাচাই করবে।

৩.৪ CDD সম্পাদন করা সম্ভব না হলে বীমা প্রতিষ্ঠানের করণীয় :

গ্রাহকের অসহযোগিতাপূর্ণ আচরণের কারণে অথবা গ্রাহকের বিষয়ে সংগৃহীত তথ্য/উপাত্ত নির্ভরযোগ্য না হলে অর্থাৎ গ্রাহক পরিচিতির সন্তোষজনক তথ্য প্রাপ্তি এবং তা যাচাই সাপেক্ষে CDD সম্পাদন করা সম্ভব না হলে বীমা প্রতিষ্ঠানসমূহ নিম্নরূপ ব্যবস্থা গ্রহণ করবে:

- (১) বীমা প্রতিষ্ঠানসমূহ উক্তরূপ গ্রাহকের পলিসি ইস্যু করবে না বা খুলবে না। প্রয়োজনে বিদ্যমান পলিসি বন্ধ করে দিবে;
- (২) বিদ্যমান এরূপ পলিসি বন্ধ করার ক্ষেত্রে CAMLCO এর অনুমোদন গ্রহণ করতে হবে এবং পলিসি বন্ধ করার পূর্বে পলিসি বন্ধকরণের কারণ ব্যাখ্যাপূর্বক গ্রাহককে নোটিশ প্রদান করতে হবে; এবং
- (৩) ক্ষেত্রমত এরূপ গ্রাহকের বিষয়ে সন্দেহজনক লেনদেন বা কার্যক্রমের রিপোর্ট দাখিল করবে।

৩.৫ গ্রাহক সম্পর্কিত অধিকতর সতর্কতামূলক ব্যবস্থা (Enhanced Due Diligence: EDD) :

বীমা প্রতিষ্ঠান কর্তৃক তাদের গ্রাহক বা ব্যবসায়িক সম্পর্ক স্থাপনকারী ব্যক্তির সকল জটিল, অস্বাভাবিক বা বৃহদাংকের লেনদেন (যথাযথ আর্থিক ও আইনগত উদ্দেশ্য অনুপস্থিত) নিয়মিতভাবে পর্যবেক্ষণ করবে। যেসকল ক্ষেত্রে মানিলভারিং ও সন্ত্রাসে অর্থায়নের ঝুঁকি অধিকতর মর্মে প্রতীয়মান হবে সেসব ক্ষেত্রে প্রতিষ্ঠানকে অধিকতর সতর্কতামূলক ব্যবস্থা (Enhanced Due Diligence: EDD) গ্রহণ করতে হবে। নিম্নরূপে গ্রাহক সম্পর্কিত অধিকতর সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে :

- (১) নিরপেক্ষ ও নির্ভরযোগ্য উৎস (Independent and reliable sources) থেকে গ্রাহক পরিচিতি সম্পর্কিত অতিরিক্ত তথ্যাদি সংগ্রহ;
- (২) পলিসি খোলার উদ্দেশ্য, পলিসির অর্থ বা সম্পদের উৎস নিশ্চিত হওয়ায় জন্য অধিকতর ব্যবস্থা গ্রহণ;

(৩) পলিসি সংক্রান্ত লেনদেন নিবিড়ভাবে পরিবীক্ষণ; এবং

(৪) প্রযোজ্য ক্ষেত্রে, বীমা প্রতিষ্ঠানের প্রধান মানিল্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তার অনুমোদন গ্রহণ।

৩.৬ পলিটিক্যালি এক্সপোজড পার্সন (Politically Exposed Persons/PEPs), প্রভাবশালী ব্যক্তি (Influential Persons/IPs) এবং আন্তর্জাতিক সংস্থার প্রধান বা উচ্চ পর্যায়ের কর্মকর্তার ক্ষেত্রে করণীয় :

- (১) PEPs^১ এর পলিসি খোলা ও পলিসি পরিচালনার ক্ষেত্রে এ সাকুলারের (৩.২)-(৩.৪) নম্বর অনুচ্ছেদে বর্ণিত প্রযোজ্য নির্দেশনা অনুসরণের পাশাপাশি বীমা প্রতিষ্ঠানসমূহকে নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ করতে হবে :
- (ক) বীমা প্রতিষ্ঠানসমূহ তাদের গ্রাহক বা প্রকৃত সুবিধাভোগী PEPs কিনা তা নিধারণ করার জন্য উপযুক্ত পদ্ধতি (যেমন: উন্মুক্ত তথ্যের উৎস, বিভিন্ন ডাটাবেজ ব্যবহার ইত্যাদি) গ্রহণ করবে এবং ঝুঁকি ব্যবস্থাপনা পদ্ধতি গ্রহণ করবে;
- (খ) PEPs এর সাথে ব্যবসায়িক সম্পর্ক (PEPs এর নামে পলিসি ইস্যু কিংবা তাদের মালিকানাধীন/স্বার্থ সংশ্লিষ্ট এমন প্রতিষ্ঠানের নামে পলিসি ইস্যু) স্থাপন বা বিদ্যমান সম্পর্ক অব্যাহত রাখার ক্ষেত্রে বীমা প্রতিষ্ঠানের প্রধান মানিল্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তার অনুমোদন গ্রহণ করবে; এবং
- (গ) উপর্যুক্ত দফা (ক) ও (খ) এ বর্ণিত ব্যবস্থা গ্রহণ ছাড়াও এ সাকুলারের ৩.৫ নম্বর অনুচ্ছেদের (১) হতে (৩) দফায় বর্ণিত গ্রাহক সম্পর্কিত অধিকতর সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করবে।
- (২) প্রতিটি বীমা প্রতিষ্ঠানকে তাদের গ্রাহক বা প্রকৃত সুবিধাভোগী প্রভাবশালী ব্যক্তি (IPs^২) কিনা তা নিধারণ করতে হবে। গ্রাহক বা প্রকৃত সুবিধাভোগী যদি উচ্চ ঝুঁকি সম্পন্ন হয় তবে তার পলিসি খোলা ও পলিসি পরিচালনার ক্ষেত্রে এ সাকুলারের ৩.৫ অনুচ্ছেদে বর্ণিত নির্দেশনা অনুসরণ করতে হবে।
- (৩) আন্তর্জাতিক সংস্থার প্রধান বা উচ্চ পর্যায়ের কর্মকর্তার পলিসি খোলা ও পলিসি পরিচালনার ক্ষেত্রে এ সাকুলারের ৩.৫ অনুচ্ছেদে বর্ণিত নির্দেশনা অনুসরণ করতে হবে।
- (৪) PEPs/IPs/আন্তর্জাতিক সংস্থার প্রধান বা উচ্চ পর্যায়ের কর্মকর্তার পরিবারের সদস্য ও তাদের সাথে নিবিড়ভাবে সম্পর্কিত ব্যক্তির (close associates) ক্ষেত্রেও উপরে উল্লিখিত নির্দেশনাসমূহ প্রযোজ্য হবে।

৩.৭ সশরীরে অনুপস্থিত বা দূরবর্তী গ্রাহকের (Non face to face Customer) ক্ষেত্রে করণীয় :

বীমা প্রতিষ্ঠান তাদের সশরীরে অনুপস্থিত বা দূরবর্তী গ্রাহককে সেবা প্রদানের ক্ষেত্রে মানিল্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়নের ঝুঁকি নিরূপণ ও ঝুঁকি নিরসনের নীতি ও পদ্ধতি প্রণয়ন করবে এবং সময় সময় তা পর্যালোচনা করবে। সশরীরে অনুপস্থিত বা দূরবর্তী গ্রাহক বলতে ঐ সকল গ্রাহককে বুঝাবে যারা বীমা প্রতিষ্ঠানের প্রধান কার্যালয়, শাখা, এজেন্ট, ব্রোকার বা ইউনিট অফিসে সশরীরে উপস্থিত না হয়ে এজেন্টের মাধ্যমে বা নিজের পেশাদার প্রতিনিধির (আইনজীবী, একাউন্টেন্ট ইত্যাদি) মাধ্যমে পলিসি খুলে থাকেন এবং এর পরিচালনা করে থাকেন।

৩.৮ নতুন সেবা বা প্রযুক্তি গ্রহণের ক্ষেত্রে করণীয় (New Service or Technology) :

বীমা প্রতিষ্ঠানসমূহ কর্তৃক প্রযুক্তি নির্ভর নতুন কোনো প্রোডাক্ট, সেবা বা পদ্ধতির প্রচলন বা প্রচলিত সেবা বা পদ্ধতির উন্নয়নের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান উক্ত সেবা বা পদ্ধতির মানিল্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন ঝুঁকি চিহ্নিত করবে, তার মাত্রা নিরূপণ করবে এবং এরূপ সেবা বা পদ্ধতি হতে সৃষ্ট ঝুঁকি মোকাবেলার জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে। উল্লেখ্য, আলোচ্য ব্যবস্থা নতুনরূপে উদ্ভাবিত, উন্নয়নকৃত সেবা বা পদ্ধতি প্রচলনের পূর্বেই গ্রহণ করতে হবে।

৪। ঝুঁকি ভিত্তিক ব্যবস্থা (Risk Based Approach) অনুসরণ :

- (১) বীমা প্রতিষ্ঠানসমূহ তাদের গ্রাহক, পণ্য/সেবা, তৃতীয় পক্ষ, বিভিন্ন স্টেকহোল্ডার ইত্যাদির ভিত্তিতে তাদের নিজ নিজ প্রতিষ্ঠানের মানিল্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়নের ঝুঁকি নিরূপণ করবে এবং সময়ে সময়ে উক্ত ঝুঁকি নিরসনের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে।
- (২) প্রতিটি বীমা প্রতিষ্ঠান গ্রাহকের পলিসি খোলা ও এ সংক্রান্ত লেনদেন পরিবীক্ষণ এর ক্ষেত্রে Risk Based Approach অনুসরণ করবে। গ্রাহকের ঝুঁকি নিরূপণের ক্ষেত্রে গ্রাহকের পেশার বিস্তারিত বিশ্লেষণ বা ব্যবসায়ের ক্ষেত্রে ব্যবসায়ের প্রকৃতি, ব্যবসায়ের এলাকা, ব্যবসায়ের আকার, পলিসির প্রকৃত সুবিধাভোগী ইত্যাদিসহ অন্যান্য

^১ Politically Exposed Persons (PEPs) বলতে “individuals who are or have been entrusted with prominent public functions by a foreign country, for example Heads of State or of government, senior politicians, senior government, judicial or military officials, senior executives of state owned corporations, important political party officials” কে বুঝাবে।

^২ প্রভাবশালী ব্যক্তি বলতে “individuals who are or have been entrusted domestically with prominent public functions, for example Head of State or of government, senior politicians, senior government, judicial or military officials, senior executives of state owned corporations, important political party officials” কে বুঝাবে।

বিশেষ দিক বিবেচনায় নিয়ে গ্রাহককে উচ্চ বা নিম্ন ঝুঁকি সম্পন্ন হিসেবে শ্রেণিকরণ করবে। তবে বীমা পলিসির মেয়াদ ৫ (পাঁচ) বছর বা এর কম হলে তা উচ্চ ঝুঁকি সম্পন্ন হিসেবে বিবেচনা করতে হবে। গ্রাহক উচ্চ ঝুঁকি সম্পন্ন হলে নিয়মিত তদারকি করবে। উচ্চ ঝুঁকি সম্পন্ন গ্রাহক বা পলিসিসমূহের তালিকা স্ব স্ব শাখায় সংরক্ষণকরত নিয়মিত তদারকি করবে।

- (৩) প্রতিটি বীমা প্রতিষ্ঠান নির্দিষ্ট সময় অন্তর অন্তর গ্রাহকের পরিচিতিমূলক তথ্য (KYC) হালনাগাদকরণের ক্ষেত্রে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। নিম্ন ঝুঁকি সম্পন্ন গ্রাহকের ক্ষেত্রে এরূপ প্রক্রিয়া প্রতি পাঁচ বছর অন্তর সম্পন্ন করবে এবং উচ্চ ঝুঁকি সম্পন্ন গ্রাহকের ক্ষেত্রে এরূপ প্রক্রিয়া এক বছর অন্তর সম্পন্ন করবে। তবে গ্রাহকের পরিচিতিমূলক তথ্যের যে কোনো পরিবর্তন অবগত হওয়ার সাথে সাথেই তা হালনাগাদ করবে। এছাড়া নির্দিষ্ট কোনো প্রয়োজন অনুভূত হলে যে কোনো সময়েই গ্রাহকের পরিচিতিমূলক তথ্য হালনাগাদ করবে। হালনাগাদকৃত তথ্যের ভিত্তিতে পুনরায় অবিলম্বে এসব পলিসির ঝুঁকি নিরূপণ করবে।

৫। লেনদেন পরিবীক্ষণ :

লেনদেন পরিবীক্ষণ সন্দেহজনক লেনদেন সনাক্তকরণের একটি গুরুত্বপূর্ণ উপায় বিধায় প্রতিটি বীমা প্রতিষ্ঠান অত্যন্ত সতর্কতার সাথে গ্রাহকের লেনদেনসমূহ পরিবীক্ষণ করবে। বীমা প্রতিষ্ঠানসমূহ লেনদেন পরিবীক্ষণের ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়গুলো বিবেচনা করবে:

- (১) প্রতিটি গ্রাহকের ব্যবসায়িক সম্পর্ক ও এতদসংশ্লিষ্ট নিয়মিত লেনদেন;
- (২) সকল জটিল, অস্বাভাবিক এবং আপাত দৃষ্টে যেসকল পলিসির কোনো আর্থিক বা দৃষ্টিগ্রাহ্য জ্বদ উদ্দেশ্য নেই মর্মে নিরূপণ করা যাচ্ছে; এবং
- (৩) জাতিসংঘের নিরাপত্তা পরিষদের সংশ্লিষ্ট রেজুলুশন এবং যেসব দেশ মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধের আন্তর্জাতিক মান পূরণ করেনি বা তাৎপর্যপূর্ণ ঘাটতি রয়েছে এ সকল ক্ষেত্রে EDD অবলম্বন।

৬। নগদ লেনদেন রিপোর্ট (Cash Transaction Report-CTR)

বীমা প্রতিষ্ঠান যখন কোন গ্রাহকের সাথে ১ (এক) দিনে ১০(দশ) লক্ষ টাকা বা তদুর্ধ্ব পরিমাণ নগদ অর্থের লেনদেন করবে (ব্যাকিং/এমএফএস চ্যানেল ব্যবহার না করে) তখন বিএফআইইউ বরাবরে নগদ লেনদেন রিপোর্ট দাখিল করবে। এই রিপোর্ট পরিশিষ্ট- গ এ প্রদত্ত ফরম্যাট মোতাবেক অথবা goAML web ব্যবহার করে goAML Manual (<http://www.bb.org.bd/eservices.php> ওয়েবলিংক হতে goAML সংশ্লিষ্ট প্রয়োজনীয় document ডাউনলোড করা যাবে) প্রতিমাসে সংঘটিত নগদ লেনদেনের রিপোর্ট পরবর্তী মাসের ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে বিএফআইইউ বরাবর দাখিল করবে। বীমা প্রতিষ্ঠান নগদ লেনদেন রিপোর্ট এর তথ্যাদি বিএফআইইউ এ দাখিলের মাস হতে কমপক্ষে ৫(পাঁচ) বছর পর্যন্ত সংরক্ষণ করবে।

৭। সন্দেহজনক লেনদেন/কার্যক্রম রিপোর্ট (Suspicious Transaction Report-STR/SAR) :

বিএফআইইউ বরাবরে সন্দেহজনক লেনদেন দাখিল করার ক্ষেত্রে বীমা প্রতিষ্ঠানসমূহ নিম্নোক্ত বিষয়াবলি অনুসরণ করবে:

- (১) মানিলভারিং প্রতিরোধ আইন, ২০১২ এর ২৫(১)(ঘ) ধারা ও সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর ১৬(১) ধারায় বর্ণিত নির্দেশনা বাস্তবায়নের নিমিত্ত প্রতিটি বীমা প্রতিষ্ঠানের সকল কর্মকর্তা পলিসি সংক্রান্ত লেনদেন বা কার্যক্রমে সন্দেহজনক লেনদেন বা কার্যক্রম সনাক্তকরণে সচেতন ও সতর্ক থাকবে;
- (২) সন্দেহজনক লেনদেন বা কার্যক্রম সনাক্তকরণে বীমা প্রতিষ্ঠানের কর্মকর্তাগণ মানিলভারিং প্রতিরোধ আইন, ২০১২ এর ২(ঘ) ধারা ও সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর ২(১৬) ধারায় বর্ণিত সংজ্ঞা বিবেচনা করবে;
- (৩) বীমা প্রতিষ্ঠানের প্রধান কার্যালয়, শাখা, এজেন্সি বা ইউনিট এর কোনো কর্মকর্তা কর্তৃক সন্দেহজনক লেনদেন বা কার্যক্রম চিহ্নিত হওয়ার সাথে সাথে তা সংশ্লিষ্ট মানিলভারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তাকে লিখিতভাবে অবহিত করবে। সংশ্লিষ্ট মানিলভারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা রিপোর্টকৃত লেনদেন বা কার্যক্রম অবিলম্বে যথাযথভাবে বিশ্লেষণ করবেন এবং সন্দেহজনক বিবেচিত হলে পর্যবেক্ষণ ও দলিলাদিসহ কেন্দ্রীয় পরিপালন ইউনিটে প্রেরণ করবে;
- (৪) মানিলভারিং প্রতিরোধ আইন, ২০১২ এ উল্লিখিত সম্পৃক্ত অপরাধ ও সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এ উল্লিখিত অন্যান্য অপরাধ সম্পর্কিত কোনো সংবাদ গণমাধ্যমে প্রকাশ হবার সাথে সাথে উক্ত কর্মকাণ্ডের সাথে জড়িত ব্যক্তি

বা সত্তার কোনো পলিসি পরিচালিত হয়ে থাকলে এ বিষয়ক বিস্তারিত তথ্য অবিলম্বে বিএফআইইউ বরাবরে প্রেরণ করবে এবং প্রয়োজনবোধে সন্দেহজনক লেনদেন রিপোর্ট বা কার্যক্রম দাখিল করবে;

- (৫) প্রধান মানিলভারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা প্রধান কার্যালয়, শাখা, এজেন্সি বা ইউনিট হতে প্রাপ্ত সন্দেহজনক লেনদেন বা কার্যক্রম প্রতিবেদনটি যথাযথভাবে ও প্রয়োজনীয় তথ্য-উপাত্ত বা দলিলাদি সন্নিবেশিত করে রিপোর্ট করা হয়েছে কিনা তা পর্যালোচনা করে অবিলম্বে goAML Manual এর নির্দেশনা অনুসারে goAML web এ অথবা 'পরিশিষ্ট-খ' তে সংযুক্ত ফরম ব্যবহার করে প্রয়োজনীয় তথ্য-উপাত্ত বা দলিলাদিসহ বিএফআইইউ বরাবর সন্দেহজনক লেনদেন রিপোর্ট বা কার্যক্রম দাখিল করবে;
- (৬) প্রধান কার্যালয়, শাখা, এজেন্সি বা ইউনিট পর্যায়ে কোনো লেনদেন বা কার্যক্রম সন্দেহজনক হিসেবে চিহ্নিত না হলেও প্রধান মানিলভারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা কর্তৃক প্রধান কার্যালয়, শাখা, এজেন্সি বা ইউনিট এর কোনো লেনদেন বা কার্যক্রম সন্দেহজনক প্রতীয়মান হলে বিএফআইইউ বরাবর সন্দেহজনক লেনদেন রিপোর্ট বা কার্যক্রম দাখিল করবে; এবং
- (৭) বীমা প্রতিষ্ঠানসমূহ সন্দেহজনক লেনদেন বা কার্যক্রম রিপোর্ট এর তথ্যাদি বিএফআইইউ কর্তৃক পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত সংরক্ষণ করবে।

৭। স্বনির্ধারণী^৯ মূল্যায়ন কার্যক্রম :

মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধে একটি কার্যকরী ব্যবস্থা প্রতিষ্ঠার লক্ষ্যে বীমা প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ বা শাখা নিয়ন্ত্রণ বিভাগের মাধ্যমে শাখা, এজেন্সি বা ইউনিট হতে প্রাপ্ত স্বনির্ধারণী প্রতিবেদন বিশ্লেষণ ও নিরীক্ষা কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট বিভাগে পর্যাপ্ত লোকবল নিশ্চিত করতে হবে যাদের এ সংক্রান্ত বিদ্যমান আইন, বিধিমালা, বিএফআইইউ এর নির্দেশনা এবং এ বিষয়ক বীমা প্রতিষ্ঠানের নিজস্ব নীতিমালা সম্পর্কে সম্যক ধারণা রয়েছে।

৭.১ শাখা, এজেন্সি বা ইউনিট এর করণীয় :

- (১) প্রতিটি শাখা, এজেন্সি বা ইউনিট কর্তৃক স্বনির্ধারণী এর জন্য নির্ধারিত চেকলিস্ট (পরিশিষ্ট 'ঘ') এর উপর ভিত্তি করে বার্ষিক ভিত্তিতে (জানুয়ারি-ডিসেম্বর) নিজেদের মূল্যায়ন করতে হবে;
- (২) আলোচ্য মূল্যায়ন প্রতিবেদন চূড়ান্ত করার পূর্বে শাখা, এজেন্সি বা ইউনিট এর প্রধান/ব্যবস্থাপক এর সভাপতিত্বে সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিয়ে সভা করবে। উক্ত সভায় মূল্যায়ন প্রতিবেদনের খসড়ার উপর আলোচনা করবে, চিহ্নিত সমস্যা শাখা, এজেন্সি বা ইউনিট পর্যায়ে সমাধান করা সম্ভবপর হলে শাখা, এজেন্সি বা ইউনিট কর্তৃক অবিলম্বে যথাযথ ব্যবস্থা গ্রহণপূর্বক চূড়ান্ত করবে এবং চূড়ান্ত প্রতিবেদনে সুপারিশ লিপিবদ্ধ করবে। পরবর্তী মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ বিষয়ক ষান্মাষিক সভাগুলোতে এতদসংশ্লিষ্ট বিষয়ের অগ্রগতি নিয়ে আলোচনা করবে;
- (৩) জানুয়ারি মাসের ৩১ তারিখের মধ্যে শাখা, এজেন্সি বা ইউনিট মূল্যায়ন সংক্রান্ত প্রতিবেদন, এ বিষয়ে গৃহীত/গ্রহণীয় কার্যক্রম ও সুপারিশ প্রধান কার্যালয়ের কেন্দ্রীয় পরিপালন ইউনিট ও অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ বা শাখা নিয়ন্ত্রণ বিভাগে প্রেরণ করবে।

বিঃ দ্রঃ যে সকল বীমা প্রতিষ্ঠানের প্রধান কার্যালয় বীমা পলিসি খোলাসহ শাখা পর্যায়ের কার্যক্রম পরিচালনা করে সে সকল বীমা প্রতিষ্ঠানের প্রধান কার্যালয় ৭.১ (১-৩) অনুচ্ছেদে উল্লিখিত নির্দেশনা পরিপালন করতে হবে।

৭.২ অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ বা শাখা নিয়ন্ত্রণ বিভাগের করণীয় :

- (১) অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ বা শাখা নিয়ন্ত্রণ বিভাগ কর্তৃক প্রধান কার্যালয়, শাখা, এজেন্সি বা ইউনিটসমূহ হতে প্রাপ্ত মূল্যায়ন প্রতিবেদন যাচাই করে কোনো ঝুঁকিপূর্ণ বিষয় পরিলক্ষিত হলে তাৎক্ষণিকভাবে সংশ্লিষ্ট প্রধান কার্যালয়, শাখা, এজেন্সি বা ইউনিট পরিদর্শনের ব্যবস্থা করবে এবং বিষয়টি কেন্দ্রীয় পরিপালন ইউনিটকে অবহিত করবে;
- (২) অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ বা শাখা নিয়ন্ত্রণ বিভাগ তাদের বার্ষিক পরিদর্শন বা নিরীক্ষা কর্মসূচি অনুসারে প্রধান কার্যালয়, শাখা, এজেন্সি বা ইউনিট এর পরিদর্শন বা নিরীক্ষা কার্যক্রম সম্পাদনকালে সংশ্লিষ্ট প্রধান কার্যালয়,

^৯ স্বনির্ধারণী বলতে এ সার্কুলারের সাথে সংযুক্ত পরিশিষ্ট-ঘ মোতাবেক শাখা কর্তৃক নিজস্ব মানিলভারিং প্রতিরোধ পরিপালন অবস্থা যাচাই করাকে বুঝাবে।

শাখা, এজেন্সি বা ইউনিট এর মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ বিষয়ক সার্বিক অবস্থা মূল্যায়নপূর্বক পরিদর্শন প্রতিবেদনে একটি পৃথক অনুচ্ছেদ সংযোজন করবে;

- (৩) অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ বা শাখা নিয়ন্ত্রণ বিভাগ কর্তৃক পরিদর্শিত বা নিরীক্ষিত প্রধান কার্যালয়, শাখা, এজেন্সি বা ইউনিটসমূহের মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ পরিপালন অবস্থার বিষয়ে পরিদর্শন প্রতিবেদনে সংযোজিত অনুচ্ছেদের কপি বীমা প্রতিষ্ঠানের কেন্দ্রীয় পরিপালন ইউনিট বরাবরে প্রেরণ করবে।

৭.৩ কেন্দ্রীয় পরিপালন ইউনিটের করণীয় :

- (১) কেন্দ্রীয় পরিপালন ইউনিট প্রধান কার্যালয়, শাখা, এজেন্সি বা ইউনিটসমূহ হতে প্রাপ্ত স্বনির্ধারণী প্রতিবেদন এবং বীমা প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ বা শাখা নিয়ন্ত্রণ বিভাগ কর্তৃক দাখিলকৃত পরিদর্শন বা নিরীক্ষা প্রতিবেদনের উপর ভিত্তি করে পরিদর্শিত প্রধান কার্যালয়, শাখা, এজেন্সি বা ইউনিটসমূহের মূল্যায়ন প্রতিবেদন^{১০} প্রস্তুত করবে। উক্ত প্রতিবেদনে অন্যান্য বিষয়ের সাথে আবশ্যিকভাবে নিম্নের বিষয়সমূহ অন্তর্ভুক্ত থাকবে :
- (ক) মোট শাখা, এজেন্সি বা ইউনিট এর সংখ্যা এবং প্রাপ্ত মোট স্বনির্ধারণী প্রতিবেদনের সংখ্যা;
- (খ) রিপোর্টকালে অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ বা শাখা নিয়ন্ত্রণ বিভাগ কর্তৃক নিরীক্ষিত প্রধান কার্যালয়, শাখা, এজেন্সি বা ইউনিট এর সংখ্যা এবং প্রধান কার্যালয়, শাখা, এজেন্সি বা ইউনিটসমূহের মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ পরিপালন অবস্থার সারসংক্ষেপ;
- (গ) প্রাপ্ত স্বনির্ধারণী প্রতিবেদনে প্রধান কার্যালয়, অধিক সংখ্যক শাখা, এজেন্সি বা ইউনিট-এ একই ধরনের যে সকল অনিয়মের বিষয় উল্লেখ রয়েছে তা উল্লেখপূর্বক ঐ সকল অনিয়ম রোধে কেন্দ্রীয় পরিপালন ইউনিট কর্তৃক গৃহীত ব্যবস্থা; এবং
- (ঘ) অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ বা শাখা নিয়ন্ত্রণ বিভাগ কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনে উল্লিখিত অনিয়মসমূহ এবং ঐ সকল অনিয়ম রোধে কেন্দ্রীয় পরিপালন ইউনিট কর্তৃক গৃহীত ব্যবস্থা।
- (২) প্রধান কার্যালয়, শাখা, এজেন্সি বা ইউনিটসমূহ হতে প্রাপ্ত স্বনির্ধারণী প্রতিবেদন যাচাই করে কোনো ঝুঁকিপূর্ণ বিষয় পরিলক্ষিত হলে তাৎক্ষণিকভাবে প্রধান কার্যালয়, শাখা, এজেন্সি বা ইউনিট-টি অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগের মাধ্যমে পরিদর্শনের ব্যবস্থা করবে এবং বিষয়টি উপযুক্ত কতৃপক্ষের নজরে আনবে।

৮। সন্ত্রাসী কার্যে অর্থায়ন ও ব্যাপক ধ্বংসাত্মক অস্ত্রের বিস্তারে অর্থায়ন প্রতিরোধ:

জাতিসংঘের নিরাপত্তা পরিষদের সন্ত্রাসী কার্যে অর্থায়ন ও ব্যাপক ধ্বংসাত্মক অস্ত্র বিস্তারে অর্থায়ন সংক্রান্ত রেজুলেশনসমূহের বাস্তবায়নের জন্য বীমা প্রতিষ্ঠানসমূহ নিম্নোক্ত পদক্ষেপ গ্রহণ করবে:

- (১) প্রতিটি বীমা প্রতিষ্ঠান পরিচালনা পর্ষদের অনুমোদনক্রমে সন্ত্রাসী কার্যে অর্থায়ন ও ব্যাপক ধ্বংসাত্মক অস্ত্র বিস্তারে অর্থায়ন সংক্রান্ত লেনদেন প্রতিরোধ ও সনাক্ত করার লক্ষ্যে একটি পদ্ধতি প্রতিষ্ঠা করবে, প্রতিষ্ঠানের কর্মকর্তাদের দায়-দায়িত্ব সম্পর্কিত নির্দেশনা জারি করবে, সময় সময় তা পর্যালোচনা করবে এবং বিএফআইইউ কর্তৃক জারিকৃত নির্দেশনা যথাযথভাবে পরিপালন করা হচ্ছে কিনা তা নিশ্চিত করবে;
- (২) প্রতিটি বীমা প্রতিষ্ঠান জাতিসংঘের নিরাপত্তা পরিষদের বিভিন্ন রেজুলেশনের আওতায় সন্ত্রাস, সন্ত্রাসী কার্যে অর্থায়ন ও ব্যাপক ধ্বংসাত্মক অস্ত্র বিস্তারে অর্থায়নে জড়িত সন্দেহে তালিকাভুক্ত কোনো ব্যক্তি বা সত্তা এবং বাংলাদেশ সরকার কর্তৃক তালিকাভুক্ত কোনো ব্যক্তি বা নিষিদ্ধ ঘোষিত সত্তার হালনাগাদ তথ্য সংরক্ষণ করবে। জাতিসংঘের নিরাপত্তা পরিষদের বিভিন্ন রেজুলেশনের আওতায় তালিকাভুক্ত ব্যক্তি বা সত্তা এবং বাংলাদেশ সরকার কর্তৃক তালিকাভুক্ত কোনো ব্যক্তি বা নিষিদ্ধ ঘোষিত সত্তার সংজ্ঞা এ সার্কুলারের ২(২) অনুচ্ছেদে প্রদান করা হয়েছে;
- (৩) প্রতিটি বীমা প্রতিষ্ঠান জাতিসংঘের নিরাপত্তা পরিষদের কোনো রেজুলেশনের আওতায় বা বাংলাদেশ সরকার কর্তৃক তালিকাভুক্ত বা নিষিদ্ধ ঘোষিত কোনো ব্যক্তি বা সত্তার নামে অথবা প্রত্যক্ষ বা পরোক্ষভাবে তাদের নিয়ন্ত্রণাধীন অথবা কোনো সহযোগী ব্যক্তি বা সত্তার নামে পলিসি রয়েছে কিনা বা কোনো লেনদেন সংঘটিত হয়েছে কিনা তা চিহ্নিত করার জন্য নিয়মিত লেনদেন মনিটর করবে এবং প্রয়োজনে লেনদেন পর্যালোচনা করবে। তালিকাভুক্ত বা নিষিদ্ধ ঘোষিত কোনো ব্যক্তি বা সত্তা অথবা প্রত্যক্ষ বা পরোক্ষভাবে তাদের নিয়ন্ত্রণাধীন বা স্বার্থসংশ্লিষ্ট কোনো

^{১০} এ সার্কুলারের অনুচ্ছেদ ১.৩(২) এ উল্লিখিত প্রতিবেদন।

ব্যক্তি বা সত্তার কোনো পলিসি বা লেনদেন চিহ্নিত হওয়ার সাথে সাথে সংশ্লিষ্ট বীমা প্রতিষ্ঠান উক্ত পলিসি বা লেনদেনটি স্থগিতকরত পরবর্তী কর্মদিবসের মধ্যে এ বিষয়ক বিস্তারিত তথ্য বিএফআইইউকে অবহিত করবে। কোনো False Positive^{১১} পাওয়া গেলে তা সংরক্ষণ করবে;

(৪) জাতিসংঘের নিরাপত্তা পরিষদ কর্তৃক গৃহীত রেজুলেশন ১৩৭৩ (২০০১) এর আওতায় বিদেশি সরকার বা বিদেশি এফআইইউ এর অনুরোধে বিএফআইইউ হতে প্রেরিত বা উক্ত রেজুলেশনের আওতায় বাংলাদেশ সরকার কর্তৃক তালিকাভুক্ত বা নিষিদ্ধ ঘোষিত কোনো ব্যক্তি বা সত্তার সাথে পলিসি বা অন্য কোনো সম্পর্ক রয়েছে কিনা তা চিহ্নিত করার জন্য বীমা প্রতিষ্ঠান নিয়মিত লেনদেন মনিটর করবে এবং প্রয়োজনে লেনদেন পর্যালোচনা করবে। তালিকাভুক্ত বা নিষিদ্ধ ঘোষিত কোনো ব্যক্তি বা সত্তার কোনো পলিসি চিহ্নিত হওয়ার সাথে সাথে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান উক্ত পলিসির লেনদেন স্থগিত করে পরবর্তী কর্মদিবসের মধ্যে বিস্তারিত তথ্য বিএফআইইউকে অবহিত করবে; এবং

(৫) সন্ত্রাসী কার্যে অর্থায়ন ও ব্যাপক ধ্বংসাত্মক অস্ত্র বিস্তারে অর্থায়ন সম্পর্কিত সংবাদ গণমাধ্যমে প্রকাশ হবার সাথে সাথে উক্ত কর্মকাণ্ডের সাথে জড়িত কোনো ব্যক্তি বা সত্তার কোনো বীমা পলিসি পরিচালিত হয়ে থাকলে এ বিষয়ক বিস্তারিত তথ্য সংশ্লিষ্ট বীমা প্রতিষ্ঠান কর্তৃক অবিলম্বে বিএফআইইউ বরাবরে প্রেরণ করবে।

৯। নিয়োগ ও প্রশিক্ষণ :

৯.১ নিয়োগ :

নতুন নিয়োগের ক্ষেত্রে কর্মকর্তা, কর্মচারী, বীমা এজেন্ট এবং অফিশার মধ্যস্থতাকারীদের নিয়োগের পূর্বে যাচাই-বাছাই করতে হবে। এই চেকলিস্টে পূর্ববর্তী কর্মসংস্থান, ক্রেডিট হিস্ট্রি (বাংলা) এবং কোনো দেউলিয়া বা অপরাধমূলক রেকর্ড আছে কি না তা যাচাই করতে হবে। মানিলভারিং, সন্ত্রাসী কার্যে অর্থায়ন ও ব্যাপক ধ্বংসাত্মক অস্ত্রের বিস্তারে অর্থায়নের ঝুঁকি নিরসনের লক্ষ্যে বীমা প্রতিষ্ঠান তাদের বিভিন্ন নিয়োগ প্রক্রিয়ায় যথাযথ যাচাই প্রক্রিয়া (Screening Mechanism) অনুসরণ করবে, যাতে কোনো স্তরের কর্মকর্তার মাধ্যমে প্রতিষ্ঠান এ ধরনের ঝুঁকির সম্মুখীন না হয়।

৯.২ প্রশিক্ষণ- বীমা কর্মকর্তা :

মানিলভারিং, সন্ত্রাসী কার্যে অর্থায়ন ও ব্যাপক ধ্বংসাত্মক অস্ত্রের বিস্তারে অর্থায়ন প্রতিরোধ কার্যক্রমের যথাযথ পরিপালন নিশ্চিত করার লক্ষ্যে প্রতিটি বীমা প্রতিষ্ঠান তাদের কর্মকর্তাদের প্রশিক্ষণে নিম্নোক্ত পদক্ষেপ গ্রহণ করবে :

- (১) সকল কর্মকর্তার মানিলভারিং, সন্ত্রাসী কার্যে অর্থায়ন ও ব্যাপক ধ্বংসাত্মক অস্ত্রের বিস্তারে অর্থায়ন প্রতিরোধ সংশ্লিষ্ট বিষয়ে উপযুক্ত প্রশিক্ষণ^{১২} প্রদানের ব্যবস্থা;
- (২) প্রধান মানিলভারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা ও কেন্দ্রীয় পরিপালন ইউনিট এর অন্যান্য কর্মকর্তাগণের কর্মদক্ষতা বৃদ্ধির জন্য উপযুক্ত প্রশিক্ষণ প্রদান; এবং
- (৩) প্রশিক্ষণ সংক্রান্ত তথ্য ও দলিলাদি সংরক্ষণ।

৯.৩ শিক্ষণ- গ্রাহক :

মানিলভারিং, সন্ত্রাসী কার্যে অর্থায়ন ও ব্যাপক ধ্বংসাত্মক অস্ত্রের বিস্তারে অর্থায়ন প্রতিরোধ বিষয়ে গ্রাহকদের সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বীমা প্রতিষ্ঠানসমূহ তাদের গ্রাহকদের পলিসি খোলার প্রাক্কালে যাচিত বিভিন্ন তথ্য সন্নিবেশ ও দলিলাদি দাখিলের যৌক্তিকতার বিষয়ে গ্রাহককে অবহিত করবে এবং শাখা, এজেন্সি বা ইউনিট এ দৃশ্যমান স্থানে এ বিষয়ক পোস্টার/ব্যানার স্থাপনসহ অন্যান্য ব্যবস্থা গ্রহণ করবে এবং বিভিন্ন গণমাধ্যমসহ অন্যান্য মাধ্যমে এ বিষয়ক সচেতনতামূলক বিজ্ঞাপন, তথ্যচিত্র ইত্যাদি প্রচারের ব্যবস্থা করবে।

^{১১} False positive means a situation whereby a freeze action is taken on the basis of available information and upon further inquiry and receipt of additional clarifying information, such freeze action is determined not to be the correct course of action. An example is a freeze action taken on the basis of mistaken identity.

^{১২} উপযুক্ত প্রশিক্ষণ বলতে বিভিন্ন স্তরের এবং বিভিন্ন বিভাগের কর্মকর্তাদের জন্য বিভিন্ন ধরনের (Target Oriented) প্রশিক্ষণ এবং একটি নির্দিষ্ট সময় অন্তর অন্তর Refresher Training কে বুঝাবে।

১০। রেকর্ড এবং প্রয়োজনীয় তথ্য/দলিলাদি সংরক্ষণ :

(১) বীমা প্রতিষ্ঠান কোনো গ্রাহক সংশ্লিষ্ট নিম্নে বর্ণিত প্রয়োজনীয় তথ্যাদি বা দলিলাদি পলিসি বন্ধ বা দাবী পরিশোধ হওয়ার পর অন্যান্য ৫ (পাঁচ) বছর সংরক্ষণ করবে :

(ক) সকল বীমা পলিসি ও এতদসংক্রান্ত লেনদেন বিষয়ক তথ্যাদি বা দলিলাদি;

(খ) KYC সহ CDD প্রক্রিয়া সম্পাদনকালে/হালনাগাদকালে সংগৃহীত সকল তথ্য ও দলিলাদি এবং কোনো বীমা গ্রাহকের বিষয়ে কোনো প্রতিবেদন বা যে কোনো ধরনের প্রিমিয়াম প্রদান/দাবি গ্রহণ বা লেনদেনের তথ্য পর্যালোচনা অথবা বীমা প্রতিষ্ঠানের সার্বিক পরিপালন অবস্থার বিষয়ে কোনো প্রতিবেদন প্রণীত হলে এ সকল তথ্যাদি বা দলিলাদি।

(২) মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ সংক্রান্ত প্রশিক্ষণ, সভা, নিরীক্ষা বা পরিদর্শন এবং বিশেষ পরিদর্শন সংক্রান্ত তথ্য ও দলিলাদি সংরক্ষণ; এবং

(৩) প্রযোজ্য ক্ষেত্রে, সংরক্ষিত তথ্যাদি অপরাধ কার্যক্রমের বিচারিক প্রক্রিয়ায় দালিলিক প্রমাণ হিসেবে উপস্থাপন করবে এবং সংরক্ষিত সকল তথ্য ও দলিলাদি বিএফআইইউ এর চাহিদা বা নির্দেশনা মোতাবেক সরবরাহ করবে।

১১। অন্যান্য :

(১) বিএফআইইউ কর্তৃক ১৮ এপ্রিল ২০২২ তারিখে জারিকৃত বিএফআইইউ সার্কুলার নম্বর-২৭, ১০ সেপ্টেম্বর ২০১৫ তারিখে জারিকৃত বিএফআইইউ সার্কুলার নম্বর-১৬, ১৯ জানুয়ারি ২০১৭ তারিখে জারিকৃত বিএফআইইউ সার্কুলার লেটার নং-০২/২০১৭ ও ১০ সেপ্টেম্বর ২০১৫ তারিখে জারিকৃত বিএফআইইউ সার্কুলার লেটার নং-০৪/২০১৭ এ বর্ণিত সকল নির্দেশনা এ সার্কুলার দ্বারা প্রতিস্থাপিত বলে গণ্য হবে;


(২) এতদসংশ্লিষ্ট কার্যক্রম পরিচালনাকালে সংশ্লিষ্ট সব পক্ষকে আবশ্যিকভাবে সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত নির্দেশনা, এ ইউনিট কর্তৃক সময় সময় জারিকৃত নির্দেশনা এবং এ সম্পর্কিত সকল আইন বা বিধিবিধান অনুসরণ করতে হবে; এবং

(৩) সার্কুলারটি সংশ্লিষ্ট সকলের অবগতিতে আনয়নের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

এ সার্কুলারের নির্দেশনাসমূহ অবিলম্বে কার্যকর হবে।

সংযোজনী : বর্ণনা মোতাবেক।

আপনাদের বিশ্বস্ত,



(মোহাম্মদ মোস্তাফিজুর রহমান)

পরিচালক (বিএফআইইউ)


ফোন: ৯৫৩০১৭০

প্রতিলিপি নং- বিএফআইইউ(পলিসি)-৩/২০২৬- ১৬৭৭-১৬৮৪

তারিখ : উল্লিখিত

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রতিলিপি প্রেরণ করা হলো : (জ্যেষ্ঠতার ক্রম অনুযায়ী নয়)

১. নির্বাহী পরিচালক, গভর্নর মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২. নির্বাহী পরিচালক/মহাব্যবস্থাপক, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বগুড়া/সিলেট/বরিশাল/রংপুর/ময়মনসিংহ/ সদরঘাট, ঢাকা।
৩. নির্বাহী পরিচালক, বাংলাদেশ ব্যাংক ট্রেনিং একাডেমি, মিরপুর, ঢাকা।
৪. গভর্নর মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৫. ডেপুটি গভর্নর মহোদয়গণের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৬. চিফ ইকোনমিস্ট/নির্বাহী পরিচালক মহোদয়গণের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৭. মহাপরিচালক, বাংলাদেশ ইনস্টিটিউট অব ব্যাংক ম্যানেজমেন্ট, মিরপুর, ঢাকা।
৮. চেয়ারম্যান, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ৩৭/এ দিলকুশা, মতিঝিল, ঢাকা।



(মোঃ হাফিজুর রহমান খান)

যুগ্মপরিচালক

ফোনঃ ০২-৫৫৬৬৫০০১-৬/২০২৯৬

গ্রাহক পরিচিতি সম্পর্কিত ফর্ম (KYC Profile Form)

(নন-লাইফ ইন্স্যুরেন্স - ব্যক্তির সম্পত্তির বীমা পলিসির ক্ষেত্রে প্রযোজ্য)

১. বীমা পলিসির নাম/শ্রেণি:
নং: বীমাকৃত সম্পদের
সম্পদের মূল্যমান :

	তারিখ:

পলিসি রেফারেন্স নং/পলিসি
ধরন/বর্ণন:

বীমা গ্রাহকের
ছবি

২. বীমা গ্রাহকের পরিচিতি:

গ্রাহকের নাম :	জন্ম তারিখ :
পিতার নাম :	
মাতার নাম :	
স্বামী/স্ত্রীর নাম :	
গ্রাহকের জাতীয়তা :	
টেলিফোন (বাসা) :	টেলিফোন (অফিস) :
মোবাইল :	ফ্যাক্স :
ইমেইল :	

৩. পরিচিতিপত্র :

কপি গৃহীত

ক) জাতীয় পরিচয়পত্র নং : ----- হ্যাঁ ☐ না ☐

খ) পাসপোর্ট নং : ----- মেয়াদ : ----- হ্যাঁ ☐ না ☐

গ) জন্ম নিবন্ধন সনদ নং : ----- হ্যাঁ ☐ না ☐

ঘ) ই-টিআইএন (E-TIN) (যদি থাকে) : ----- হ্যাঁ ☐ না ☐

ঙ) ড্রাইভিং লাইসেন্স নং : ----- মেয়াদ : ----- হ্যাঁ ☐ না ☐

চ) অন্যান্য (নির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে) : ----- হ্যাঁ ☐ না ☐

[ক হতে গ নম্বর ক্রমিক বর্ণিত দলিলাদি হতে আবশ্যিকভাবে যে কোনো একটি দলিল প্রদান করতে হবে। তবে জন্ম নিবন্ধন সনদ প্রদানপূর্বক পলিসি খোলার ক্ষেত্রে জন্ম নিবন্ধন সনদপত্রের অতিরিক্ত পলিসি হোল্ডারের আলোকচিত্রসহ অন্য যে কোনো পরিচিতি পত্র প্রদান করতে হবে। আলোকচিত্রসহ পরিচিতি পত্র না থাকলে সে বিষয়ে বীমাকারীর সন্তুষ্টি সাপেক্ষে তাদের নিকট গ্রহণযোগ্য সমাজের গণ্যমান্য ব্যক্তি^{১০} কর্তৃক প্রদত্ত পরিচয়ের প্রত্যয়নপত্র প্রদান করতে হবে। উক্ত পরিচিতি পত্র বা প্রত্যয়নপত্র পলিসি হোল্ডারের আলোকচিত্রসহ (আলোকচিত্রের উপরের পৃষ্ঠায় সত্যায়নসহ) হতে হবে। এছাড়া, প্রত্যেক বীমা প্রতিষ্ঠান যথাযথভাবে গ্রাহকের পরিচিতির বিষয়ে নিশ্চিত হওয়ার লক্ষ্যে প্রতিষ্ঠানের সন্তুষ্টি সাপেক্ষে উপরের ঘ হতে চ নম্বর ক্রমিক বর্ণিত দলিলাদিসহ অতিরিক্ত

আরো কোনো দলিলাদি এবং এই ফরমে উল্লিখিত তথ্যাদির অতিরিক্ত তথ্য সংগ্রহ করতে পারবে।]

৪. স্থায়ী ঠিকানা :

^{১০} গণ্যমান্য ব্যক্তি বলতে সংসদ সদস্য, সিটি কর্পোরেশনের মেয়র, ডেপুটি মেয়র ও কাউন্সিলরগণ, জাতীয় বেতন স্কেলের ৯ম ও তদুর্ধ্ব গ্রেডের গেজেটেড কর্মকর্তা, পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, উপজেলা পরিষদের চেয়ারম্যান ও ডাইস চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, পৌরসভার মেয়র ও পৌর কাউন্সিলরগণ, বেসরকারি বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক, বেসরকারি কলেজের অধ্যক্ষ, বেসরকারি উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক, জাতীয় দৈনিক পত্রিকার সম্পাদক, নোটারি পাবলিক, আধাসরকারি/স্বায়ত্তশাসিত/রাষ্ট্রায়ত্ত্ব সংস্থার জাতীয় বেতন স্কেলের ৭ম বা তদুর্ধ্ব গ্রেডের কর্মকর্তাগণ এবং বাংলাদেশ ব্যাংকের জাতীয় বেতন স্কেলের ৯ম ও তদুর্ধ্ব গ্রেডের কর্মকর্তাগণকে বুঝাবে।

৫. আবাসিক/ বর্তমান ঠিকানা :

৬. গ্রাহকের পেশা (বিস্তারিত) :

পেশাগত ঠিকানা (নাম/পদবি/ঠিকানা) :

৭. গ্রাহকের অর্থের উৎস :

অর্থের উৎস যাচাইয়ের পদ্ধতি :

৮. প্রিমিয়াম প্রদান পদ্ধতি : মাসিক ☐ ত্রৈমাসিক ☐ ষান্মাসিক ☐ বার্ষিক ☐ এককালীন ☐

৯. প্রিমিয়ামের পরিমাণ :

১০. প্রিমিয়াম পরিশোধের মাধ্যম :

(ক) ব্যাংক (তথ্যাদিসহ)

(খ) নগদ

১১. বীমা গ্রাহকের ঝুঁকি নির্ধারণ : নিম্ন ☐ উচ্চ ☐

[গ্রাহকের ঝুঁকি নিরূপণের ক্ষেত্রে গ্রাহকের পেশার বিস্তারিত তথ্য বিশ্লেষণ করত ব্যবসায়ের ক্ষেত্রে ব্যবসায়ের পদ্ধতি, অর্থের মাত্রা, ব্যবসায়ের এলাকা, ব্যবসায়ের আকার, হিসাবের প্রকৃত সুবিধাভোগী ইত্যাদিসহ অন্যান্য বিশেষ দিক বিবেচনায় নিয়ে গ্রাহককে উচ্চ বা নিম্ন ঝুঁকি সম্পন্ন হিসেবে শ্রেণিকরণ করতে হবে। চাকরির ক্ষেত্রেও চাকরি সংক্রান্ত তথ্য বিশ্লেষণ করত বিশেষ করে চাকরির প্রকৃতি ও দায়-দায়িত্বের নিরিখে ঝুঁকি নিরূপণ করতে হবে। গ্রাহক উচ্চ ঝুঁকি সম্পন্ন হলে নিয়মিত তদারকি করতে হবে।]

১২. মন্তব্য^{১৪} :

পলিসি সংশ্লিষ্ট কর্মকর্তা/রিলেশনশীপ ম্যানেজারের স্বাক্ষর
(সিল ও তারিখ)

অনুমোদনকারী কর্মকর্তার স্বাক্ষর
(সিল ও তারিখ)

^{১৪} বীমা গ্রাহকের ঝুঁকি সম্পর্কিত কোনো মন্তব্য থাকলে উল্লেখ করতে হবে।

গ্রাহক পরিচিতি সম্পর্কিত ফর্ম (KYC Profile Form)

(নন-লাইফ ইন্স্যুরেন্স - অব্যক্তিক সম্পত্তির বীমা পলিসির ক্ষেত্রে প্রযোজ্য)

১. বীমা পলিসির নাম/শ্রেণি :

পলিসি রেফারেন্স নং/পলিসি নং :

তারিখ:

২. পলিসি গ্রহীতা প্রতিষ্ঠানের নাম :

৩. প্রতিষ্ঠানের ঠিকানা :

৪. যোগাযোগের ঠিকানা :

৫. ব্যবসার প্রকৃতি :

৬. নিবন্ধন সনদ এর অনুলিপি গৃহীত হয়েছে কিনা : হ্যাঁ ☐ না ☐

৭. নিবন্ধন প্রদানকারী কর্তৃপক্ষ :

পত্রানের তারিখ ও স্থান :

৮. ট্রেড লাইসেন্স (প্রযোজ্য ক্ষেত্রে) এর অনুলিপি গৃহীত হয়েছে কিনা? : হ্যাঁ ☐ না ☐

৯. ই-টিআইএন (E-TIN) (যদি থাকে) এর অনুলিপি গৃহীত হয়েছে কিনা? : হ্যাঁ ☐ না ☐

১০. প্ৰস্তাবিত বীমা প্রস্তাবকের নাম :

১১. প্রিমিয়ামের পরিমাণ :

১২. অর্থের উৎস :

১৩. প্রিমিয়াম প্রদান পদ্ধতি : মাসিক ☐ ত্রৈমাসিক ☐ ষান্মাসিক ☐ বার্ষিক ☐ এককালীন ☐

১৪. পলিসি পরিচালনার ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি/ব্যক্তিবর্গের নাম :

নাম :	
পিতার নাম :	
মাতার নাম :	
স্বামী/স্ত্রীর নাম :	
পেশা :	জন্ম তারিখ :
বর্তমান ঠিকানা :	
স্থায়ী ঠিকানা :	
জাতীয়তা :	জাতীয় পরিচয়পত্র নম্বর :
টেলিফোন (বাসা) :	টেলিফোন (অফিস) :
মোবাইল :	ইমেইল :

১৫. পলিসির প্রকৃত সুবিধাভোগী (Beneficial Owner) :

(কোম্পানির ক্ষেত্রে নিয়ন্ত্রণকারী শেয়ারহোল্ডার এবং ২০% বা এর অধিক একক শেয়ারহোল্ডারের বিস্তারিত তথ্যাদি)

নাম	সম্পর্ক

১৬. প্রস্তাবিত বীমা আমদানি/রপ্তানি সংশ্লিষ্ট হলে নিম্নোক্ত তথ্যাদি সংযুক্ত করণ :

বীমার নাম	আমদানি/রপ্তানি সংশ্লিষ্ট ব্যাংকের নাম	এলসি নম্বর ও তারিখ	এলসির মূল্যমান ও মুদ্রার একক	আমদানিকারক বা রপ্তানিকারক দেশ	পণ্যের নাম

১৭. প্রিমিয়াম পরিশোধের

মাধ্যম :

(ক) ব্যাংক (তথ্যাদিসহ)

(খ) নগদ

--

১৮. পলিসি গ্রহীতা প্রতিষ্ঠানের ঝুঁকি নির্ধারণ :

নিম্ন ☐

উচ্চ ☐

[প্রতিষ্ঠানের ঝুঁকি নিরূপণের ক্ষেত্রে ব্যবসায়ের প্রকৃতি, অর্থের মাত্রা, ব্যবসায়ের এলাকা, ব্যবসায়ের আকার, হিসাবের প্রকৃত সুবিধাভোগী ইত্যাদিসহ অন্যান্য বিশেষ দিক বিবেচনায় নিয়ে উচ্চ বা নিম্ন ঝুঁকি সম্পন্ন হিসেবে শ্রেণিকরণ করতে হবে। উচ্চ ঝুঁকি সম্পন্ন হলে নিয়মিত তদারকি করতে হবে।]

১৯. মন্তব্য* :

--

পলিসি সংশ্লিষ্ট কর্মকর্তা/রিলেশনশীপ ম্যানেজারের স্বাক্ষর
(সিল ও তারিখ)

অনুমোদনকারী কর্মকর্তার স্বাক্ষর
(সিল ও তারিখ)

* বিষয়গত (Subjective) মানদণ্ড বিবেচনায় পলিসি গ্রহীতা প্রতিষ্ঠানের ঝুঁকি সম্পর্কে আবশ্যিকভাবে মন্তব্য করতে হবে।

গ্রাহক পরিচিতি সম্পর্কিত ফর্ম (KYC Profile Form)

(লাইফ ইন্স্যুরেন্স - ব্যক্তির সম্পত্তির বীমা পলিসির ক্ষেত্রে প্রযোজ্য)

বীমা গ্রাহকের
ছবি

১. বীমা পলিসির নাম/শ্রেণি:
- পলিসি রেফারেন্স নং/পলিসি নং: তারিখ:

২. বীমা গ্রাহকের পরিচিতি:

গ্রাহকের নাম :	জন্ম তারিখ :
পিতার নাম :	
মাতার নাম :	
স্বামী/স্ত্রীর নাম :	
গ্রাহকের জাতীয়তা:	
টেলিফোন (বাসা) :	টেলিফোন (অফিস) :
মোবাইল :	ফ্যাক্স :
ইমেইল :	

৩. পরিচিতিপত্র :

কপি গৃহীত

- ক) জাতীয় পরিচয়পত্র নং : ----- হ্যাঁ ☐ না ☐
- খ) পাসপোর্ট নং : ----- মেয়াদ : ----- হ্যাঁ ☐ না ☐
- গ) জন্ম নিবন্ধন সনদ নং : ----- হ্যাঁ ☐ না ☐
- ঘ) ই-টিআইএন (E-TIN) (যদি থাকে) : ----- হ্যাঁ ☐ না ☐
- ঙ) ড্রাইভিং লাইসেন্স নং : -----মেয়াদ : ----- হ্যাঁ ☐ না ☐
- চ) অন্যান্য (নির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে) : ----- হ্যাঁ ☐ না ☐

[ক হতে গ নম্বর ক্রমিক বর্ণিত দলিলাদি হতে আবশ্যিকভাবে যে কোনো একটি দলিল প্রদান করতে হবে। তবে জন্ম নিবন্ধন সনদ প্রদানপূর্বক পলিসি খোলার ক্ষেত্রে জন্ম নিবন্ধন সনদপত্রের অতিরিক্ত পলিসি হোল্ডারের আলোকচিত্রসহ অন্য যে কোনো পরিচিতি পত্র প্রদান করতে হবে। আলোকচিত্রসহ পরিচিতি পত্র না থাকলে সে বিষয়ে বীমাকারীর সন্তুষ্টি সাপেক্ষে তাদের নিকট গ্রহণযোগ্য সমাজের গণ্যমান্য ব্যক্তি^{১৫} কর্তৃক প্রদত্ত পরিচয়ের প্রত্যয়নপত্র প্রদান করতে হবে। উক্ত পরিচিতি পত্র বা প্রত্যয়নপত্র পলিসি হোল্ডারের আলোকচিত্রসহ (আলোকচিত্রের উপরের পৃষ্ঠায় সত্যায়নসহ) হতে হবে। এছাড়া, প্রত্যেক বীমা প্রতিষ্ঠান যথাযথভাবে গ্রাহকের পরিচিতির বিষয়ে নিশ্চিত হওয়ার লক্ষ্যে প্রতিষ্ঠানের সন্তুষ্টি সাপেক্ষে উপরের ঘ হতে চ নম্বর ক্রমিক বর্ণিত দলিলাদিসহ অতিরিক্ত আরো কোনো দলিলাদি এবং এই ফর্মে উল্লিখিত তথ্যাদির অতিরিক্ত তথ্য সংগ্রহ করতে পারবে।]

৪. স্থায়ী ঠিকানা :

৫. আবাসিক/ বর্তমান ঠিকানা :

৬. গ্রাহকের পেশা (বিস্তারিত) :

^{১৫} গণ্যমান্য ব্যক্তি বলতে সংসদ সদস্য, সিটি কর্পোরেশনের মেয়র, ডেপুটি মেয়র ও কাউন্সিলরগণ, জাতীয় বেতন স্কেলের ৯ম ও তদুর্ধ্ব গ্রেডের গেজেটেড কর্মকর্তা, পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, উপজেলা পরিষদের চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, পে. রসভার মেয়র ও পে. র কাউন্সিলরগণ, বেসরকারি বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক, বেসরকারি কলেজের অধ্যক্ষ, বেসরকারি উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক, জাতীয় দৈনিক পত্রিকার সম্পাদক, নোটারি পাবলিক, আধাসরকারি/স্বায়ত্তশাসিত/রাষ্ট্রায়ত্ত্ব সংস্থার জাতীয় বেতন স্কেলের ৭ম বা তদুর্ধ্ব গ্রেডের কর্মকর্তাগণ এবং বাংলাদেশ ব্যাংকের জাতীয় বেতন স্কেলের ৯ম ও তদুর্ধ্ব গ্রেডের কর্মকর্তাগণকে বুঝাবে।

পেশাগত ঠিকানা (নাম/পদবি/ঠিকানা):

৭. গ্রাহকের অর্থের উৎস :

৮. অর্থের উৎস যাচাইয়ের পদ্ধতি :

৯. প্রিমিয়াম প্রদান পদ্ধতি : মাসিক ☐ ত্রৈমাসিক ☐ ষান্মাসিক ☐ বার্ষিক ☐ এককালীন ☐

১০. প্রিমিয়ামের পরিমাণ :

১১. প্রিমিয়াম পরিশোধের মাধ্যম :

(ক) ব্যাংক (তথ্যাদিসহ)

(খ) নগদ

(১২) মনোনীত ব্যক্তি সম্পর্কিত তথ্য:

নাম :	সম্পর্ক :
পিতার নাম :	
মাতার নাম :	
স্বামী/স্ত্রীর নাম :	
পেশা :	জন্ম তারিখ :
বর্তমান ঠিকানা :	
স্থায়ী ঠিকানা:	
জাতীয়তা :	জাতীয় পরিচয়পত্র নম্বর :
টেলিফোন (বাসা) :	টেলিফোন (অফিস) :
মোবাইল :	ইমেইল :

বীমা গ্রাহক
কর্তৃক
মনোনীত
ব্যক্তির
সত্যায়িত ছবি

(মনোনীত ব্যক্তি একাধিক হলে ছবিসহ সকলের তথ্য ও শতকরা হার উল্লেখ করতে হবে)

১২. বীমা গ্রাহকের ঝুঁকি নির্ধারণ : নিম্ন ☐ উচ্চ ☐

[গ্রাহকের ঝুঁকি নিরূপণের ক্ষেত্রে গ্রাহকের পেশার বিস্তারিত তথ্য বিশ্লেষণ করত ব্যবসায়ের ক্ষেত্রে ব্যবসায়ের পদ্ধতি, অর্থের মাত্রা, ব্যবসায়ের এলাকা, ব্যবসায়ের আকার, হিসাবের প্রকৃত সুবিধাভোগী ইত্যাদিসহ অন্যান্য বিশেষ দিক বিবেচনায় নিয়ে গ্রাহককে উচ্চ বা নিম্ন ঝুঁকি সম্পন্ন হিসেবে শ্রেণিকরণ করতে হবে। চাকরির ক্ষেত্রে চাকরি সংক্রান্ত তথ্য বিশ্লেষণ করত বিশেষ করে চাকরির প্রকৃতি ও দায়-দায়িত্বের নিরিখে ঝুঁকি নিরূপণ করতে হবে। গ্রাহক উচ্চ ঝুঁকি সম্পন্ন হলে নিয়মিত তদারকি করতে হবে।]

১৩. মন্তব্য* :

পলিসি সংশ্লিষ্ট কর্মকর্তা/রিলেশনশীপ ম্যানেজারের স্বাক্ষর
(সিল ও তারিখ)

অনুমোদনকারী কর্মকর্তার স্বাক্ষর
(সিল ও তারিখ)

* বিষয়গত (Subjective) মানদণ্ড বিবেচনায় গ্রাহকের ঝুঁকি সম্পর্কে আবশ্যিকভাবে মন্তব্য করতে হবে।

গ্রাহক পরিচিতি সম্পর্কিত ফর্ম (KYC Profile Form)

(লাইফ ইন্স্যুরেন্স - গ্রুপ বীমা পলিসির ক্ষেত্রে প্রযোজ্য)

১. বীমা পলিসির নাম/শ্রেণি :
- পলিসি রেফারেন্স নং/পলিসি নং : তারিখ :
২. প্রস্তাবিত বীমা পলিসির প্রতিষ্ঠানের নাম:
৩. প্রতিষ্ঠানের ঠিকানা :
৪. যোগাযোগের ঠিকানা :
৫. ব্যবসার প্রকৃতি :
৬. নিবন্ধন সনদ এর অনুলিপি গৃহীত হয়েছে কিনা : ☐ হ্যাঁ ☐ না ☐
৭. নিবন্ধন প্রদানকারী কর্তৃপক্ষ :
- প্রদানের তারিখ ও স্থান :
৮. ট্রেড লাইসেন্স (প্রযোজ্য ক্ষেত্রে) এর অনুলিপি গৃহীত হয়েছে কিনা? : ☐ হ্যাঁ ☐ না ☐
৯. ই-টিআইএন (E-TIN) (যদি থাকে) এর অনুলিপি গৃহীত হয়েছে কিনা? : ☐ হ্যাঁ ☐ না ☐
১০. প্রস্তাবিত বীমা প্রস্তাবকের নাম :
১১. প্রিমিয়ামের পরিমাণ :
১২. অর্থের উৎস :
- অর্থের উৎস যাচাইয়ের পদ্ধতি :
১৩. প্রিমিয়াম প্রদান পদ্ধতি : মাসিক ☐ ত্রৈমাসিক ☐ ষান্মাসিক ☐ বার্ষিক ☐ এককালীন ☐
১৪. পলিসি পরিচালনার ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি/ব্যক্তিবর্গের নাম :

নাম :	
পিতার নাম :	
মাতার নাম :	
স্বামী/স্ত্রীর নাম :	
পেশা :	জন্ম তারিখ :
বর্তমান ঠিকানা :	
স্থায়ী ঠিকানা :	
জাতীয়তা :	জাতীয় পরিচয়পত্র নম্বর :

টেলিফোন (বাসা) :	টেলিফোন (অফিস) :
মোবাইল :	ইমেইল :

১৫. পলিসির প্রকৃত সুবিধাভোগী (Beneficial Owner) :

১৬. বীমা চুক্তির সময়কাল :

১৭. এজেন্টের নাম ও ঠিকানা (প্রযোজ্য ক্ষেত্রে) :

১৮. প্রিমিয়াম পরিশোধের মাধ্যম :

(ক) ব্যাংক (তথ্যাদিসহ)

(খ) নগদ

১৯. পলিসি গ্রহীতা প্রতিষ্ঠানের ঝুঁকি নির্ধারণ : নিম্ন ☐ উচ্চ ☐

[প্রতিষ্ঠানের ঝুঁকি নিরূপণের ক্ষেত্রে ব্যবসায়ের প্রকৃতি, অর্থের মাত্রা, ব্যবসায়ের এলাকা, ব্যবসায়ের আকার, হিসাবের প্রকৃত সুবিধাভোগী ইত্যাদিসহ অন্যান্য বিশেষ দিক বিবেচনায় নিয়ে উচ্চ বা নিম্ন ঝুঁকি সম্পন্ন হিসেবে শ্রেণিকরণ করতে হবে। উচ্চ ঝুঁকি সম্পন্ন হলে নিয়মিত তদারকি করতে হবে।]

২০. মন্তব্য* :

.....
 পলিসি সংশ্লিষ্ট কর্মকর্তা/রিলেশনশীপ ম্যানেজারের স্বাক্ষর
 (সিল ও তারিখ)

.....
 অনুমোদনকারী কর্মকর্তার স্বাক্ষর
 (সিল ও তারিখ)

* বিষয়গত (Subjective) মানদণ্ড বিবেচনায় পলিসি গ্রহীতা প্রতিষ্ঠানের ঝুঁকি সম্পর্কে আবশ্যিকভাবে মন্তব্য করতে হবে।

Suspicious Transaction/Activity Report (STR/SAR)

(Insurance Company)

A. Reporting Institution :

1. Name of the Insurance Company:

2. Name of the Branch/Agency/Unit:

3. Date of Report :

B. Suspect Policy Details :

1. Policy Number:

2. Name of the Policy:

3. Nature of the Policy:

4. Nature of Ownership:

[Individual/Proprietorship/Partnership/Company/other, (pls. specify)]

5. Date of Issuance of Policy:

6. Address:

C. Policyholder Details :

1. Name of the Policyholder:

2. Address (Present & Permanent):

3. Mobile No:

4. Profession of the Policyholder:

5. Mobile No:

6. Nationality:

7. Other Policy(s) Number (if any):

8. Other Business:

9. Father's Name:

10. Mother's Name:

11. Spouse Name:

12. Date of Birth:

13. Place of Birth:

14. Birth Registration No.:

13. National ID No.:

14. Passport No.:

15. TIN:

D. Beneficiary Details :

1. Name of the Beneficiary:
2. Relation with the Policyholder.
3. Address (Present & Permanent):
4. Mobile No:
5. Profession:
6. Nationality:
7. Other Policy (s) Number (if any):
8. Other Business:
9. Father's Name:
10. Mother's Name:
11. Spouse Name:
12. Date of Birth:
13. Place of Birth:
14. Birth Registration No.:
15. National ID No.:
16. Passport No.:
17. TIN:

E. Reasons for considering the Transaction (s)/Activity as unusual/suspicious

(Mention reason of suspicion and consequence of events) [to be filled by the BAMLCO/AAMLCO/UAMLCO]

CASH TRANSACTION REPORT (CTR)

(For Insurance Companies)

Applicable to Life and Non-Life Insurance Companies. Report cash transactions exceeding the prescribed Bangladesh Bank threshold during a day.

Reporting Institution Information:

Institution Name	
Institution Type (Life/Non-Life)	
Reporting Month (MM/YYYY)	
Reporting Unit (HO / Branch / Agency / Customer Touch Point / Other)	

Policyholder / Customer Information:

Customer Name	
NID/Passport/Birth Reg. No.	
Mobile Number	
Address	

Insurance Relationship Information:

Policy/Cover Note Number	
Product Type	
Customer Type (Individual/Corporate)	
TIN (if available)	

Cash Transaction Information:

Report aggregated cash transactions conducted by or on behalf (bearer) of a customer where total daily cash transactions exceed the prescribed threshold.

Sl No	Transaction Date	Transaction Type Code	Amount (BDT)	No. of Transactions	Remarks

Transaction Type Codes:

Code	Applicability	Description
LP	Life	Cash Premium Collection
LR	Life	Premium Refund
LC	Life	Claim Payment
LM	Life	Maturity Payment
LS	Life	Surrender Value Payment
NP	Non-Life	Cash Premium Collection
NR	Non-Life	Premium Refund
NC	Non-Life	Claim Settlement

Cash Depositor / Recipient Information (if different from policyholder)

Name	
NID/Passport No.	
Relationship with Policyholder	
Mobile Number	

Declaration

I hereby certify that the above information accurately represents reportable cash transactions conducted through the reporting office.

Authorized Officer Name	
Designation	
Reporting Unit (HO / Branch / Agency / Customer Touch Point / Other)	
Date	
Signature	

বীমা প্রতিষ্ঠানের নাম

প্রধান কার্যালয়,----- শাখা,----- এজেন্সি বা-----ইউনিট।

প্রধান কার্যালয়^{১৬}, শাখা, এজেন্সি বা ইউনিট কর্তৃক স্বনির্ধারণী (Self Assessment) পদ্ধতির মাধ্যমে নিজস্ব অবস্থান নির্ণয়

প্রতিটি বীমা প্রতিষ্ঠানের প্রধান কার্যালয়, শাখা, এজেন্সি বা ইউনিট মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ বিষয়ে বিদ্যমান আইন, বিধিমালা, বিএফআইইউ কর্তৃক সময় সময় জারিকৃত নির্দেশনা ও প্রতিষ্ঠানের নিজস্ব মানিলভারিং প্রতিরোধ ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ নীতিমালার আলোকে নিম্নবর্ণিত প্রশ্নমালার বিস্তারিত উত্তর প্রদানের মাধ্যমে Self Assessment পদ্ধতিতে নিজেদের অবস্থান নির্ণয় করবে :

প্রশ্নমালা	যাচাইয়ের মানদণ্ড	প্রধান কার্যালয়, শাখা, এজেন্সি বা ইউনিট কার্যালয়ের বর্তমান অবস্থা	গৃহীত কার্যক্রম বা সুপারিশ
১. প্রধান কার্যালয়, শাখা, এজেন্সি বা ইউনিট এ মোট কর্মকর্তার সংখ্যা কত (পদনুযায়ী)? কতজন কর্মকর্তা মানিলভারিং প্রতিরোধ ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ বিষয়ক আনুষ্ঠানিক প্রশিক্ষণ গ্রহণ করেছেন? (শতকরা হার)	প্রশিক্ষণ সংক্রান্ত রেকর্ড যাচাই করতে হবে।		
২.ক) প্রধান কার্যালয়, শাখা, এজেন্সি বা ইউনিট এর মানিলভারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (CAMLCO, BAMLCO, AAMLCO বা UAMLCO) জ্যেষ্ঠ ও অভিজ্ঞ কি না? বিগত দুই বছরে তিনি মানিলভারিং প্রতিরোধ ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ বিষয়ক কোনো প্রশিক্ষণ পেয়েছেন কি না? খ) প্রধান কার্যালয়, শাখা, এজেন্সি বা ইউনিট এর মানিলভারিং প্রতিরোধ কার্যক্রম যথানিয়মে পরিপালিত হচ্ছে এ বিষয়টি নিশ্চিত হওয়ার লক্ষ্যে CAMLCO, BAMLCO, AAMLCO বা UAMLCO নির্দিষ্ট ও গ্রহণযোগ্য সময় পর পর এবং কার্যকর প্রক্রিয়ায় পরিবীক্ষণ ও পর্যালোচনা করে থাকেন কি না?	CAMLCO, BAMLCO, AAMLCO বা UAMLCO কর্তৃক – KYC কার্যক্রমের যথার্থতা পরিবীক্ষণ করা হয় কি না? যথাযথভাবে লেনদেন পরিবীক্ষণ ও সন্দেহজনক লেনদেন রিপোর্ট (ইন্টারনাল রিপোর্টসহ) করা হয় কি না? যথাযথভাবে রেকর্ড সংরক্ষণ করা হয় কি না? STR সনাক্তকরণে ব্যবস্থা নেয়া হয় কি না?		
৩. CAMLCO, BAMLCO, AAMLCO বা UAMLCO সহ প্রধান কার্যালয়, শাখা, এজেন্সি বা ইউনিট এর কর্মকর্তাগণ মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ বিষয়ে বিদ্যমান আইন, বিধিমালা, বিএফআইইউ কর্তৃক সময় সময় জারিকৃত নির্দেশনা ও প্রতিষ্ঠানের নিজস্ব মানিলভারিং প্রতিরোধ ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ নীতিমালা সম্পর্কে অবহিত আছেন কি?	বিষয়টি যাচাইয়ের পদ্ধতি কি?		
৪. প্রধান কার্যালয়, শাখা, এজেন্সি বা ইউনিট এ পর্যায়ে যান্মাসিক ভিত্তিতে মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ বিষয়ক সভা অনুষ্ঠিত হয় কি না?	সভার আলোচ্যসূচি সকলের অবগতির জন্য বন্টন করা হয় কি না? সভায় কী কী গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গৃহীত হয়েছে?		

^{১৬} যে সকল বীমা প্রতিষ্ঠানের প্রধান কার্যালয় বীমা পলিসি খোলাসহ শাখা পর্যায়ের কার্যক্রম পরিচালনা করে।

প্রশ্নমালা	যাচাইয়ের মানদণ্ড	প্রধান কার্যালয়, শাখা, এজেন্সি বা ইউনিট কার্যালয়ের বর্তমান অবস্থা	গৃহীত কার্যক্রম বা সুপারিশ
	সভায় গৃহীত সিদ্ধান্ত কিভাবে বাস্তবায়িত হয়?		
৫. সকল প্রকার পলিসি খোলা ও লেনদেন পরিচালনার ক্ষেত্রে মানিলভারিং প্রতিরোধ আইন, সন্ত্রাস বিরোধী আইন এবং সময়ে সময়ে বিএফআইইউ কর্তৃক জারীকৃত নির্দেশনা অনুসারে গ্রাহক পরিচিতি সন্তোষজনকভাবে গ্রহণ করা হয় কি না ?	গ্রাহক পরিচিতির যথার্থতা কিভাবে যাচাই করা হয়? কিভাবে তা প্রধান কার্যালয়, শাখা, এজেন্সি বা ইউনিট এ সংরক্ষণ করা হচ্ছে? KYC সম্পাদনকালে গ্রাহকের তহবিলের উৎস যাচাই করা হয় কি না? পলিসির পক্ষত সুবিধাভোগী (Beneficial Owner) সনাক্ত করা হয় কি না এবং তা যাচাই এর প্রক্রিয়া সন্তোষজনক কি না? পলিসির অর্থ/মূল্য ফেরত পদ্ধতের সময় প্রকৃত সুবিধাভোগীর পরিচয় যাচাই করা হয় কি না? পলিসির অর্থ/মূল্য ফেরত পদ্ধতের সময় সংশ্লিষ্ট ব্যাংক হিসাবের তথ্যাদি সংগ্রহ করা হয় কি না? উচ্চ ঝুঁকি সম্পন্ন গ্রাহকদের ক্ষেত্রে ঝুঁকির নিরিখে অতিরিক্ত তথ্য (EDD) সংগ্রহ করা হয় কি না?		
৬. বিএফআইইউ কর্তৃক জারীকৃত নির্দেশনা এবং প্রতিষ্ঠানের নিজস্ব নীতিমালা অনুযায়ী মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন সংক্রান্ত ঝুঁকি প্রতিরোধে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে কি না?	এ বিষয়ক নিজস্ব নীতিমালা প্রণয়ন করা হয়েছে কি না? হয়ে থাকলে উক্ত নীতিমালা প্রধান কার্যালয়, শাখা, এজেন্সি বা ইউনিট এ কিভাবে বাস্তবায়িত হচ্ছে?		
৭. প্রধান কার্যালয়, শাখা, এজেন্সি বা ইউনিট এ গ্রাহকের KYC Profile এর তথ্য বিএফআইইউ কর্তৃক জারীকৃত নির্দেশনা মোতাবেক নির্দিষ্ট সময় পর পর পুনঃমূল্যায়নপূর্বক হালনাগাদ করে কি না?	কী পদ্ধতিতে এরূপ মূল্যায়ন সম্পাদিত হয়ে থাকে?		

প্রশ্নমালা	যাচাইয়ের মানদণ্ড	প্রধান কার্যালয়, শাখা, এজেন্সি বা ইউনিট কার্যালয়ের বর্তমান অবস্থা	গৃহীত কার্যক্রম বা সুপারিশ
৮. সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর অধীন সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধের লক্ষ্যে প্রধান কার্যালয়, শাখা, এজেন্সি বা ইউনিট কী ধরনের পদক্ষেপ গ্রহণ করেছে?	জাতিসংঘের নিরাপত্তা পরিষদের বিভিন্ন রেজলুশনের আওতায় সন্ত্রাস, সন্ত্রাসী কার্য ও ব্যাপক ধ্বংসাত্মক অস্ত্র বিস্তারে অর্থায়নে জড়িত সন্দেহে তালিকাভুক্ত কোনো ব্যক্তি বা সত্তা এবং বাংলাদেশ সরকার কর্তৃক তালিকাভুক্ত কোন ব্যক্তি বা নিষিদ্ধ ঘোষিত সত্তার নামের তালিকা প্রধান কার্যালয়, শাখা, এজেন্সি বা ইউনিট এ সংরক্ষণ ও তদনুসারে পলিসি ও লেনদেন কার্যক্রম যাচাই করা হয় কি না? প্রধান কার্যালয়, শাখা, এজেন্সি বা ইউনিট এ বিষয়ক নিজস্ব কোনো Mechanism অনুসরণ করে কি না? এরূপ কোনো ব্যক্তি বা সত্তার নামে প্রধান কার্যালয়, শাখা, এজেন্সি বা ইউনিট এ পরিচালিত পলিসির (যদি থাকে) বিষয়ে বিএফআইইউ কে অবহিত করা হয় কি না?		
৯. এ যাবৎ প্রধান কার্যালয়, শাখা, এজেন্সি বা ইউনিট কর্তৃক কতগুলো সন্দেহজনক লেনদেন/কার্যক্রম (STR/SAR) শনাক্ত করা হয়েছে?	প্রধান কার্যালয়, শাখা, এজেন্সি বা ইউনিট এ সন্দেহজনক লেনদেন চিহ্নিত করার কোনো পদ্ধতি অনুসরণ করা হয় কি না? শাখা, এজেন্সি বা ইউনিট এ সন্দেহজনক লেনদেন/কার্যক্রম রিপোর্টিং এর জন্য Internal Reporting Mechanism চালু রয়েছে কি না? শাখা, এজেন্সি বা ইউনিট পর্যায়ে নিষ্পত্তিকৃত Internal Report সংরক্ষণ করা হয় কি না?		

প্রশ্নমালা	যাচাইয়ের মানদণ্ড	প্রধান কার্যালয়, শাখা, এজেন্সি বা ইউনিট কার্যালয়ের বর্তমান অবস্থা	গৃহীত কার্যক্রম বা সুপারিশ
১০. মানিলভারিং প্রতিরোধ আইন, সন্ত্রাস বিরোধী আইন, সার্কুলার, প্রশিক্ষণ রেকর্ড, বিবরণী ও অন্যান্য এএমএল/সিএফটি সংক্রান্ত বিষয়বস্তুর আলাদা নথি প্রধান কার্যালয়, শাখা, এজেন্সি বা ইউনিট কর্তৃক সংরক্ষণ করা হয় কি না? আইন, সার্কুলার ইত্যাদির কপি প্রধান কার্যালয়, শাখা, এজেন্সি বা ইউনিট এর সকল কর্মকর্তা/কর্মচারীদের সরবরাহ করা হয় কি না?	সংরক্ষিত হয়ে থাকলে হ্যাঁ অথবা না হয়ে থাকলে না, আংশিক হলে কী কী সংরক্ষিত আছে তা লিখুন।		
১১. বিএফআইইউ সার্কুলার অনুসারে শাখায় PEPs, পজাবশালী ব্যক্তি, আন্তর্জাতিক সংস্থার প্রধান বা উচ্চ পর্যায়ের কর্মকর্তার কোনো পলিসি সংরক্ষণ করা হচ্ছে কি না?	উত্তর হ্যাঁ হলে এই পলিসি খোলা ও পরিচালনার ক্ষেত্রে কী কী ধরনের সতর্কতা অবলম্বন করা হচ্ছে?		
১২. বীমা প্রতিষ্ঠানের প্রধান কার্যালয় (শাখা, এজেন্সি এবং ইউনিটের ক্ষেত্রে), বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ ও বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট-এর পরিদর্শন প্রতিবেদনে উল্লিখিত মানিলভারিং প্রতিরোধ ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ পরিপালন বিষয়ক দুর্বলতা/অনিয়মসমূহ নিয়মিত করা হয়েছে কি না?	না হয়ে থাকলে প্রতিবন্ধকতাসমূহ কী কী?		

প্রধান কার্যালয়, শাখা, এজেন্সি বা ইউনিট মানিলভারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তার নামযুক্ত সীলসহ স্বাক্ষর ও তারিখ	প্রধান কার্যালয়, শাখা, এজেন্সি বা ইউনিট ব্যবস্থাপকের নামযুক্ত সীলসহ স্বাক্ষর ও তারিখ
---	---